# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Srabon 12, 1433 Bangla, July 27, 2026, Monday, No. 202, 56th year

# HIGHLIGHTS

Prime Minister Tarique Rahman has said promotions in Bangladesh Army should be based solely on merit, professional competence, integrity, leadership qualities and discipline. (Jago News: 09)

Tarique Rahman has assured tea industry of all necessary cooperation to boost production and resolve its long-standing problems. (Jago News: 10)

Commerce Minister has said there is no possibility of an immediate solution to the ongoing fuel crisis in country. (Jago News: 16)

Foreign Ministers of Bangladesh & Maldives, in a bilateral meeting, have discussed ways to strengthen relations through enhanced cooperation in migration, tourism, blue economy & maritime connectivity. (Jago News: 20)

Election Commission has said that it will seek appointment of the Speaker of Jatiya Sangsad to discuss Presidential election schedule. (Jago News: 20)

Law, Justice, and Parliamentary Affairs Minister has informed, government is scrutinising allegations of past corruption against former president Mohammed Shahabuddin. (BBC: 03)

State Minister for Youth and Sports has said that Olympic preparations begin with 'Notun Kuri Sports', bringing talented athletes from the grassroots. (Jago News: 12)

Government has set a growth target of 15 percent higher in export earnings in FY2026-27 than previous fiscal year. (BBC: 04)

Cabinet Division has directed all government offices to use designated logo of 'Nazrul Barsho' in official letters until May 25, 2027. (Jago News: 09)

Microplastics have been detected in three out of four toothpastes tested in Bangladesh. (R. Today: 25)

A local doctor has attacked a Bangladeshi couple in Bengaluru, India. (R. Today: 25)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048 44813179 | Assistant News Controller: 44813047 44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**শ্রাবণ ১২, বাংলা ১৪৩৩, জুলাই ২৭, ২০২৬, সোমবার, নং- ২০২, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, মেধা ও যোগ্যতাই একজন সেনা কর্মকর্তার পদোন্নতির প্রধান মাপকাঠি হওয়া উচিত। (জাগো নিউজ: ০৯)

চা শিল্পের বিকাশ, উৎপাদন সক্ষমতা বৃদ্ধি এবং এই শিল্পের দীর্ঘদিনের সমস্যা সমাধানে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দিয়েছেন তারেক রহমান। (জাগো নিউজ: ১০)

দেশের চলমান জ্বালানি সংকটের দ্রুত কোনো সমাধানের সম্ভাবনা নেই বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী। (জাগো নিউজ: ১৬)

অভিবাসন, পর্যটন, সুনীল অর্থনীতি এবং সমুদ্রপথের সংযোগ বাড়ানোর মাধ্যমে বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদারে দুই দেশের পররাষ্ট্রমন্ত্রী বৈঠক করেছেন। (জাগো নিউজ: ২০)

রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণার জন্য স্পিকারের কাছে সময় চাওয়া হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন। (জাগো নিউজ: ২০)

সদ্য বিদায়ী রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিনের বিরুদ্ধে ওঠা দুর্নীতিসহ বিভিন্ন অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী। (বিবিসি: ০৩)

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী বলেছেন, দেশের তৃণমূল থেকে প্রতিভাবান খেলোয়াড় তুলে এনে অলিম্পিক প্রস্তুতি শুরু নতুন কুঁড়ি স্পোর্টস থেকেই। (জাগো নিউজ: ১২)

রপ্তানি আয়ে ২০২৬-২৭ অর্থ বছরের জন্য পূর্বের অর্থ বছরের চেয়ে ১৫ শতাংশ বেশি প্রবৃদ্ধি নির্ধারণ করেছে সরকার। (বিবিসি: ০৪)

আগামী বছরের (২০২৭ সাল) ২৫ মে পর্যন্ত সব দাপ্তরিক পত্রে 'নজরুল বর্ষ'র নির্ধারিত লোগো ব্যবহার করতে নির্দেশনা দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। (জাগো নিউজ: ০৯)

দেশের বাজারে বিক্রি হওয়া টুথপেস্টের চারটির মধ্যে তিনটিতেই মাইক্রোপ্লাস্টিকের উপস্থিতি শনাক্ত। (রে. টুডে: ২৫)

ভারতের বেঙ্গালুরুতে বাংলাদেশি এক দম্পতির ওপর হামলা করেছেন স্থানীয় এক চিকিৎসক। (রে. টুডে: ২৫)

# বিবিসি

## সাবেক রাষ্ট্রপতি সাহাবুদ্দিনের বিরুদ্ধে ওঠা অভিযোগ খতিয়ে দেখছে সরকার : আইনমন্ত্রী

সদ্য বিদায়ি রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিনের বিরুদ্ধে ওঠা দুর্নীতিসহ বিভিন্ন অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। তবে এটা করতে গিয়ে তিনি যেন অন্যায়ের শিকার না হন, সে বিষয়টিও নিশ্চিত করা হবে বলে জানান তিনি। রোববার সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন আইনমন্ত্রী। "আমরা একদিকে যেমন জনদাবিকে গুরুত্ব দেব, একইসাথে আমরা কাউকে অন্যায়ভাবে কেউ অন্যায়ের শিকার হোক, সেটাও চাইব না। সুতরাং বিষয়টা আমরা পরীক্ষা-নিরীক্ষা করে কী করণীয় আছে, সেটা সরকার যথাসময়ে দেখবে," বলেন মি. আসাদুজ্জামান। এছাড়া মি. সাহাবুদ্দিনের বিদেশযাত্রায় কোনো নিষেধাজ্ঞা আছে কী না- এমন প্রশ্নের জবাবে আইনমন্ত্রী বলেন, "এগুলো কনফিডেনশিয়াল বিষয়, এটা পাবলিকলি এভাবে আমরা বলতে পারব না। কার নিষেধাজ্ঞা আছে, সেটা রাষ্ট্রীয় নিরাপত্তার স্বার্থে যথাসময়ে প্রকাশ করা হবে।"
(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৭.২০২৬ আলী আহমেদ)

## সাভারে ইয়ামিন হত্যা মামলায় ১৯ জন আসামির বিরুদ্ধে অভিযোগ আমলে নিল ট্রাইব্যুনাল

জুলাই গণ-অভ্যুত্থানের সময় সাভারে শিক্ষার্থী আসহাবুল ইয়ামিনকে হত্যার ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক সংসদ সদস্য সাইফুল ইসলামসহ ১৯ জনের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ আমলে নিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। মামলার পলাতক ১৩ আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। এছাড়া অন্য মামলায় গ্রেফতার থাকা বাকি আসামিদেরকে আগামী ২৫ আগস্ট আদালতে হাজির করার নির্দেশ দেওয়া হয়েছে। রোববার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেল এই আদেশ দেয়। "ট্রাইব্যুনাল ভিডিও পর্যালোচনা করে আসামিদের বিরুদ্ধে অভিযোগ আমলে নিয়েছে এবং তাদের গ্রেফতার দেখানোর আদেশ দিয়েছে," সাংবাদিকদের বলেন ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। ২০২৪ সালের ১৮ জুলাই সাভারে শিক্ষার্থীদের আন্দোলনের সময় এপিসি থেকে ফেলে দেওয়ার পর গুলিবিদ্ধ অবস্থায় মারা যান ইয়ামিন। তখন ইয়ামিনকে পুলিশের এপিসি থেকে নির্মমভাবে ফেলে দেওয়ার ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে এ নিয়ে নানা ক্ষোভ ও প্রতিক্রিয়াও তৈরি হয়েছিল।
(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৭.২০২৬ আলী আহমেদ)

## সাবেক রাষ্ট্রপতি সাহাবুদ্দিনের বিচারে আমলে নেওয়ার মতো বক্তব্য দেখছে না সরকার

সাবেক রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিনকে আইন অনুযায়ী 'সুরক্ষা ও নিরাপত্তা' দেওয়া হবে বলে জানিয়েছেন বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তাকে গ্রেফতারের দাবি জানিয়ে কিছু দল ও সংগঠনের পক্ষ থেকে যেসব অভিযোগ তোলা হয়েছে, সেগুলোতে আমলে নেওয়ার মতো কোনো বক্তব্য খুঁজে পাওয়া যায়নি বলেও জানান তিনি। রোববার ঢাকায় সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা স্বরাষ্ট্রমন্ত্রী। ''তিনি আইনানুগ যা সুবিধা পাবেন অবশ্যই পাবেন এবং তার প্রটেকশনের জন্য এসএসএফ-পিজিআর সুবিধা পাওয়ার ছয় মাসের বিধান আছে। এছাড়া পুলিশ এবং অন্যান্য সংস্থার মাধ্যমে তার নিরাপত্তার বিষয় গ্রহণ করা হবে," বলেন মি. আহমদ। শারীরিক অসুস্থতাকে কারণ দেখিয়ে গত ২৪ জুলাই রাষ্ট্রপতির পদ থেকে সরে দাঁড়ান বাংলাদেশের ২২তম রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন। আওয়ামী লীগ সরকারের সময় নির্বাচিত মি. সাহাবুদ্দিন পদত্যাগ করার পর থেকে তাকে গ্রেফতার করে বিচারের আওতায় আনার দাবি তুলেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), বাংলাদেশ খেলাফত মজলিস এবং ইনকিলাব মঞ্চ। তবে সরকার বলছে, মি. সাহাবুদ্দিন সংবিধান অনুযায়ী নিজের দায়িত্ব পালন করেছেন। এছাড়া সদ্য বিদায়ি রাষ্ট্রপতির বিরুদ্ধে কিছু দল ও সংগঠনের দেওয়া বক্তব্যকে 'মতপ্রকাশের স্বাধীনতা' হিসেবে দেখছেন স্বরাষ্ট্রমন্ত্রী। "আমরা গণ-অভ্যুত্থানের পরে প্রত্যাশা করি রাজনৈতিকভাবে মানুষের কথা বলার স্বাধীনতা থাকবে। প্রতিবাদ করার স্বাধীনতা থাকবে। সেটা আছে।" "বিভিন্ন রাজনৈতিক দল বিরোধী দলের পক্ষ থেকে এনসিপি এবং অন্যান্যরা তার বিরুদ্ধে কিছু অভিযোগ উত্থাপন করছেন। সেটা করতে পারে। কিন্তু আমলে নেওয়ার মত কোনো বক্তব্য ওখানে নাই," বলেন মি. আহমদ। (বিবিসি ওয়েব পেজ : ২৬.০৭.২০২৬ নারগীস)

## বিদায়ি রাষ্ট্রপতি লন্ডনে হাসিনার সঙ্গে ফোনে কথা বলেছেন, এমন তথ্য নেই : স্বরাষ্ট্রমন্ত্রী

লন্ডনে চিকিৎসারত অবস্থায় সদ্য বিদায়ি রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন মানবতাবিরোধী অপরাধে ফাঁসির দণ্ডপ্রাপ্ত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ফোনে কথা বলেছেন, এমন কোনো তথ্য-প্রমাণ পাওয়া যায়নি বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে একথা বলেন তিনি। "এটা আমরা পত্রিকায় দেখেছি। কোনো পত্রিকা এরকম একটা নিউজ দিল, তার কাছে কী তথ্য-প্রমাণ আছে, তাকে জিজ্ঞেস করতে হয়। আমাদের কাছে সেরকম কোনো তথ্য নেই," বলেন মি. আহমদ। "আর কথা বলার জন্য লন্ডন যেতে হয় নাকি? আজ-কালকার ইন্টারনেটের দুনিয়ায় লন্ডন যেতে কারো সঙ্গে কথা বলতে হয় না তো। এটা আমার কাছে অলীক মনে হয়। কথা বলতে চাইলে তো এখান থেকেও বলা যায়," যোগ করেন স্বরাষ্ট্রমন্ত্রী।
(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৭.২০২৬ আলী আহমেদ)

**রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা চূড়ান্ত করতে স্পিকারের সঙ্গে দেখা করবেন সিইসি**

বাংলাদেশের জাতীয় সংসদের ভারপ্রাপ্ত স্পিকার কায়সার কামালের সঙ্গে দেখা করে দেশটির রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিন। রোববার নির্বাচন কমিশনারদের সঙ্গে বৈঠক শেষে এ কথা জানিয়েছেন নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদ। বিধি অনুযায়ী, সংসদ সদস্যদের ভোটে নির্বাচন হবেন রাষ্ট্রপতি। এর জন্য সংসদ সচিবালয় থেকে ভোটার তালিকা তথা সংসদ সদস্যদের নাম নির্বাচন কমিশন সচিবালয়ে পাঠানো হবে। সেটার ভিত্তিতে রাষ্ট্রপতি নির্বাচনের ভোটার তালিকা করবে নির্বাচন কমিশন। এরপরই ঘোষণা করা হবে রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল।
(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৭.২০২৬ আলী আহমেদ)

**মসজিদ নির্মাণের নামে সোহরাওয়ার্দী উদ্যানের একাংশ 'দখলের চেষ্টা', উচ্ছেদ করল কর্তৃপক্ষ**

ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে অভিযান চালিয়ে অবৈধভাবে গড়ে ওঠা সব স্থাপনা উচ্ছেদ করেছে কর্তৃপক্ষ। এর মধ্যে মসজিদ নির্মাণের নামে 'দখলের পাঁয়তারা' চালানো একটি স্থাপনাও গুড়িয়ে দেওয়া হয়েছে বলে জানিয়েছেন কর্মকর্তারা। রোববার দুপুরে পুলিশকে সঙ্গে নিয়ে যৌথভাবে অভিযানটি পরিচালনা করে গণপূর্ত অধিদপ্তর, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। কর্মকর্তারা জানান, বারবার নোটিশ দেওয়ার পরও অবৈধ স্থাপনাগুলো সরিয়ে না নেওয়ায় উচ্ছেদ অভিযান পারিচালনা করা হয়েছে। এক্ষেত্রে অন্য কোনো কিছু বিবেচনা নেওয়া সুযোগ নেই। ডিএসসিসি বলছে, সোহরাওয়ার্দী উদ্যানে একটি মসজিদ থাকার পরও সম্প্রতি রাজিব শাহ নামের একজন ব্যক্তির নেতৃত্বে আরেকটি 'মসজিদ নির্মাণের নামে সোহরাওয়ার্দী উদ্যানের একাংশ দখলের পাঁয়তারা' চালানো হচ্ছিলো। সেখানে ইট, কাঠ ও বাঁশের খুঁটি গেড়ে ত্রিপলের ছাউনিও টানানো হয়। এসবের একাধিক ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়লে স্থাপনাটি সরিয়ে নেওয়ার জন্য নোটিশ দেয় গণপূর্ত মন্ত্রণালয়। সরকারি ওই নোটিশে বলা হয়, "সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু বহিরাগত অসাধু ভবঘুরে ও একটি মহল উদ্দেশ্যপ্রণোদিতভাবে মন্দিরের গেট বরাবর কিছু অবৈধ দোকানপাট বসিয়েছে এবং উদ্যানের এম্পিথিয়েটার সংলগ্ন কিছু স্থান জুড়ে অস্থায়ী নামাজের স্থান নির্মাণের নামে উদ্যানের জায়গা দখল করে দিনরাত অবস্থান করছেন।" "প্রকল্পের আওতাধীন একটি আধুনিক ও দৃষ্টিনন্দন মসজিদ উদ্যানে থাকা সত্ত্বেও শুধুমাত্র ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করার জন্য এই বহিরাগতরা অস্থায়ী নামাজের স্থান নির্মাণ করে নিয়মিত অবস্থান করছেন বলে সর্বসাধারণ মনে করছে।" নোটিশে আরও বলা হয়, দখলেন চেষ্টা চালানো ব্যক্তিদের বারবার ওই স্থান ছেড়ে যাওয়ার জন্য অনুরোধ জানানো হলেও যায়নি। উল্টো হুমকি-ধমকি দেখানোসহ গণপূর্ত উপ-বিভাগের কর্মচারী ও আনসার বাহিনীর সদস্যদের সঙ্গে 'রূঢ় আচরণ করছেন'। এমন পরিস্থিতিতে রোববার অভিযান চালিয়ে সোহরাওয়ার্দী উদ্যান এলাকার অবৈধ সব স্থাপনা উচ্ছেদ করা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৭.২০২৬ আলী আহমেদ)

**আয় কমার মধ্যেই রপ্তানি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ১৫ শতাংশ বেশি নির্ধারণ করল সরকার**

যুদ্ধ ও যুক্তরাষ্ট্রের বাড়তি শুল্কের প্রভাবে রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশের আয় যখন কমেছে, তখন নতুন অর্থবছরের জন্য আগের চেয়েছে ১৫ শতাংশ বেশি প্রবৃদ্ধি নির্ধারণ করল বিএনপি সরকার। সদ্য বিদায়ি অর্থবছরে রপ্তানি আয় যেখানে প্রায় চার হাজার ৮০০ কোটি মার্কিন ডলার অর্জিত হয়েছে, নতুন লক্ষ্যমাত্রা পূরণ করতে হলে সেখানে ৭০০ কোটি ডলার বেশি রপ্তানি করতে হবে। "এই অর্থবছরে যেটা আমাদের রপ্তানির লক্ষ্যমাত্রা, সেটি হচ্ছে পণ্যের ক্ষেত্রেও ১৫ শতাংশ প্রবৃদ্ধি এবং সেবার ক্ষেত্রেও ১৫ শতাংশ প্রবৃদ্ধি। যদি আমরা সেটা অর্জন করতে পারি, তাহলে রপ্তানির পরিমাণ দাঁড়াবে প্রায় ৬৩ দশমিক ৪০ বিলিয়ন," রোববার সচিবালয়ে বলেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। "তাতে পণ্য হবে ৫৫ দশমিক দুই বিলিয়ন এবং সেবা হবে আট দশমিক দুই বিলিয়ন। পণ্য এবং সেবা মিলিয়ে ৬৩ দশমিক চার বিলিয়ন হচ্ছে আমাদের এই অর্থবছরের রপ্তানির ঘোষিত লক্ষ্যমাত্রা " যোগ করেন তিনি। এদিকে, বিদায়ি অর্থবছরে রপ্তানি আয় নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়েও প্রায় ১৩ শতাংশ কম অর্জিত হয়েছে। "এই যে অচল অবস্থা বা রপ্তানির ক্ষেত্রে একটা মন্দা অবস্থা, আশা করি এই অর্থবছরে সেটা কিছুটা হলেও আমরা এই বৃত্ত ভেঙে বেরিয়ে আসতে পারব," বলেন বাণিজ্যমন্ত্রী।(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৭.২০২৬ আলী আহমেদ)

**অস্ট্রেলিয়ার বিপক্ষে বাংলাদেশের টেস্ট দল ঘোষণা, বাদ পড়ল কারা?**

অস্ট্রেলিয়ার বিপক্ষে আসন্ন দুই ম্যাচ সিরিজের প্রথম টেস্টের জন্য ১৫ সদস্যের দল ঘোষণা করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। নাজমুল হোসেন শান্তর নেতৃত্বে ওই স্কোয়াডে ফিরেছেন জাকের আলী অনিক এবং সৌম্য সরকার। নতুন মুখ হিসেবে ডাক পেয়েছেন মুশফিক হাসান। এছাড়া সহ-অধিনায়ক হিসেবে থাকছেন অলরাউন্ডার মেহেদী হাসান মিরাজ। এছাড়াও স্কোয়াডে রয়েছেন অভিজ্ঞ মুশফিকুর রহিম ও মুমিনুল হকের পাশাপাশি পেস আক্রমণে তাসকিন আহমেদ, হাসান মাহমুদ, খালেদ আহমেদ ও এবাদত হোসেন চৌধুরীকে রাখা হয়েছে। তবে দলে নেই লিটন দাস, নাহিদ রানা এবং শরিফুল ইসলাম। টেস্ট স্কোয়াডের ১৫ সদস্য : নাজমুল হোসেন শান্ত (অধিনায়ক), মেহেদী হাসান মিরাজ (সহ-অধিনায়ক), সৌম্য সরকার, সাদমান ইসলাম, মুমিনুল হক, মুশফিকুর রহিম, জাকের আলী অনিক, তাইজুল ইসলাম, খালেদ আহমেদ, হাসান মাহমুদ, তানজিদ হাসান তামিম, অমিত হাসান, এবাদত হোসেন, মুশফিক

হাসান এবং তাসকিন আহমেদ। আগামী ১৩ আগস্ট অস্ট্রেলিয়ার ডারউইনে প্রথম টেস্টের মাধ্যমে সিরিজটি শুরু হওয়ার কথা রয়েছে। এরপর ২২ আগস্ট ম্যাকাইয়ে অনুষ্ঠিত হবে সিরিজের দ্বিতীয় ও শেষ টেস্ট। অস্ট্রেলিয়ার মাটিতে বাংলাদেশ সবশেষ টেস্ট সিরিজ খেলেছিল ২০০৩ সালে। প্রায় ২৩ বছর পর সেখানও আবারও টেস্ট সিরিজ খেলতে যাচ্ছে বাংলাদেশের ক্রিকেটাররা।(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৭.২০২৬ আলী আহমেদ)

## বঙ্গভবন ছাড়লেন সদ্য-বিদায়ী রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন

পদত্যাগের দু'দিন পর বাংলাদেশের রাষ্ট্রপতির সরকারি বাসভবন বঙ্গভবন ছেড়েছেন মোহাম্মদ সাহাবুদ্দিন। রোববার দুপুর আড়াইটার দিকে বঙ্গভবন ছাড়েন তিনি। সরকারি বাসভবন ছাড়ার পর মি. সাহাবুদ্দিন ঢাকার গুলশানে অবস্থিত তার ব্যক্তিগত বাসভবনে উঠেছেন বলে জানা যাচ্ছে। বাংলাদেশের ২২তম এই রাষ্ট্রপতি এর আগে শারীরিক অসুস্থতাকে কারণ দেখিয়ে গত ২৪ জুলাই রাষ্ট্রপতির পদ থেকে পদত্যাগ করেন। সংবিধান অনুযায়ী, পাঁচ বছর জন্য রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত হলেও তিনি দায়িত্ব পালন করেছেন প্রায় তিন বছর তিন মাস। মি. সাহাবুদ্দিন পদত্যাগ করার পর বাংলাদেশের জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করেছেন।
(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৭.২০২৬ নারগীস)

## 'বদির মেটিকুলাস ডিজাইনেই একরাম হত্যা', বললেন চিফ প্রসিকিউটর

বাংলাদেশের কক্সবাজার জেলার টেকনাফের সাবেক পৌর কাউন্সিলর একরামুল হক হত্যা মামলায় ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ১১ জনের বিরুদ্ধে তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে। অন্য যাদের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে তারা হলেন- আসাদুজ্জামান কামাল, ওবায়দুল কাদের, বদিউর রহমান বদি, র‍্যাবের তৎকালীন মহাপরিচালক বেনজির আহমেদ, কর্নেল অবসরপ্রাপ্ত আনোয়ার লতিফ খান তুষার, ব্রিগেডিয়ার জেনারেল মাহবুব আলম মিনু, ব্রিগেডিয়ার জেনারেল মিফতাহ উদ্দিন আহমেদ, মেজর অবসরপ্রাপ্ত রুহুল আমিন ওরফে রাজন, স্কোয়াড্রন লিডার নাজমুস মাহমুদ ওরফে রাজু এবং লেফটেন্যান্ট কমান্ডার আশিকুর রহমান ওরফে সৈকত। তাদের মধ্যে আবদুর রহমান বদি, আনোয়ার লতিফ খান ও মাহাবুব আলম অন্য মামলায় বর্তমানে আটক রয়েছেন। শুনানি শেষে ট্রাইব্যুনাল অভিযুক্তদের আটজনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি এবং গ্রেফতার থাকা তিন আসামিকে আদালতে হাজির করার নির্দেশ দিয়েছেন। ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম প্রেস ব্রিফিংয়ে বলেছেন, একরাম হতাকাণ্ডে তাদের সংশ্লিষ্টতা পাওয়ায় তদন্তকারী কর্মকর্তা রিপোর্ট দিয়েছেন। সেই রিপোর্টের ভিত্তিতে আমরা তাদের বিরুদ্ধে ফরমাল চার্জ দিয়েছি। ট্রাইব্যুনাল আসামিদের বিরুদ্ধে অভিযোগ আমলে নিয়েছেন। যারা আটক আছে, তাদের শ্যোন অ্যারেস্ট দেখানো হয়েছে। আর যারা পলাতক, তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। আগামী ২৫ আগস্ট শুনানির দিন ধার্য করেছে ট্রাইব্যুনাল," বলেছেন মি.ইসলাম। তিনি বলেন, "বদিউর রহমান বদির মেটিকুলাস ডিজাইনেই এ ঘটনা ঘটেছিল। একরাম ছিল তার প্রতিপক্ষ। একরামকে হত্যার পর তার সম্পত্তি এই বদি বিভিন্ন কৌশলে আত্মসাৎ করেছিল। নেপথ্য নায়ক ছিল বদি।"

প্রসঙ্গত, গুরুতর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে ২০২১ সালের ডিসেম্বরে যখন র‍্যাব ও এর সাত কর্মকর্তার ওপর যুক্তরাষ্ট্র নিষেধাজ্ঞা দিয়েছিল, তখনও তাদের বিবৃতিতে একরাম হত্যার প্রসঙ্গ এসেছিল। ওই নিষেধাজ্ঞার আওতায় পড়েছিলেন তখন র‍্যাবের দায়িত্বে থাকা বেনজির আহমেদ ও বিগ্রেডিয়ার জেনারেল মিফতাহ উদ্দিন আহমেদ। বেনজির আহমেদ সম্প্রতি দুবাইতে আটক হয়েছেন বলে জাতীয় সংসদে জানিয়েছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। আওয়ামী লীগ সরকারের পতনের আগেই মি. আহমদ দেশ ছেড়েছিলেন। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম আরও বলেছেন, "তৎকালীন ফ্যাসিস্ট সরকার তাদের মতের বিরুদ্ধে গেলেই টার্গেট করে অপহরণ করতো। কাউকে আয়নাঘরে বা কাউকে ক্রসফায়ারে হত্যা করা হতো।" "এমনই একটি ঘটনা একরাম হত্যা। মোবাইল সুইচ অন থাকা অবস্থায় তার স্ত্রী ও মেয়েরা ফায়ারিং আওয়াজ ও কথোপকথন শুনতে পেরেছিল। এ সব কিছু আমরা আলামত হিসেবে নিয়েছি। প্রত্যক্ষদর্শীর সাক্ষ্যসহ বিভিন্ন প্রমাণের ভিত্তিতে সুপ্রিরিয়র রেসপনসিবিলিটি হিসেবে শেখ হাসিনা, আসাদুজ্জামান কামাল,ওবায়েদুল কাদের ও বদিউর রহমান বদির নাম এসেছে," বলেছেন তিনি।

র‍্যাবের এক কথিত মাদক বিরোধী অভিযানে ২০১৮ সালের ২৬ মে একরামুল হক কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভে নোয়াখালিয়া পাড়ায় নিহত হয়েছিলেন। তিনি টেকনাফ পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ছিলেন এবং প্রায় এক যুগ তিনি ছিলেন টেকনাফ উপজেলা যুবলীগের সভাপতি। তখন কথিত বন্দুকযুদ্ধে তার নিহত হওয়ার ঘটনা নিয়ে রেকর্ড করা একটি অডিও প্রকাশ হওয়ার পর ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়েছিল। ওই অডিও রেকর্ড পরিবারের পক্ষ থেকে কক্সবাজারে এক সংবাদ সম্মেলন করে সাংবাদিকদের শোনানো হয়েছিল। মি. হকের স্ত্রী আয়শা বেগম তখন বিবিসিকে দেওয়া সাক্ষাৎকারে অভিযোগ করেছিলেন যে, তার স্বামীকে ডিজিএফআই এবং র‍্যাবের স্থানীয় দু-জন কর্মকর্তা ডেকে নিয়ে হত্যা করেছে। কক্সবাজারে সংবাদ সম্মেলন করে তিনি যে অডিও রেকর্ড প্রকাশ করেছিলেন, তাতে মি. হকের সাথে তার মেয়ের কথোপকথন শোনা গিয়েছিল। ওই কথোপকথনের এক পর্যায়ে মি. হকের কন্যাকে বলতে শোনা গিয়েছিল যে, "আব্বু তুমি কান্না করতেছো যে..."। এরপরেই গুলি ও গোঙানির শব্দও শোনা গিয়েছিল। পরে এই অডিও রেকর্ড ব্যাপকভাবে ছড়িয়ে পড়লে দেশজুড়ে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছিল।

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের একজন প্রসিকিউটর তানভীর হাসান জোহা বিবিসি বাংলাকে বলেছেন, তদন্ত সংস্থার হাতে আসা অডিও রেকর্ডে কিছু অফিসারের কণ্ঠ তারা প্রযুক্তিগতভাবে শনাক্ত করতে পেরেছেন। "তাদের উপস্থিতি নিশ্চিত করতে পেরেছি। পাশাপাশি ওই টিমে কারা কারা ছিল, যারা অংশগ্রহণ করেছে তারাও। ইতোমধ্যেও একজন সাক্ষ্য দিয়েছেন, যিনি ওই অপারেশনে ছিলেন। তিনি ওই গাড়িতে ছিলেন। যারা এই অপারেশনে সম্পৃক্ত ছিল তাদের সবার নাম এসেছে," বলছিলেন তিনি। পরে ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকারের পতনের পর ২০২৫ সালের এপ্রিলে এ ঘটনা নিয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে ১০-১২ জনকে আসামি করে মামলা করেছিলেন একরামুল হকের স্ত্রী আয়শা বেগম। তিনি তখন সংবাদ মাধ্যমকে বলেছিলেন যে, তৎকালীন স্থানীয় সংসদ সদস্য আবদুর রহমান বদির প্রত্যক্ষ ইন্ধনে তখনকার র‌্যাব ও ডিজিএফআইয়ের সদস্যরা তার স্বামীকে ডেকে নিয়ে খুন করেছেন। মি. বদি আওয়ামী লীগ দলীয় সংসদ সদস্য ছিলেন। এ মামলার পর আগে থেকেই অন্য একটি হত্যাচেষ্টা মামলায় আটক থাকা মি. বদিকে এই মামলাতেও ২০২৫ সালের জুলাইয়ে ট্রাইব্যুনালে গ্রেফতার দেখানো হয়।
(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৭.২০২৬ আলী আহমেদ)

## গ্যাস সংকট কাটবে কবে?

"বেশিরভাগ পাম্পেই গ্যাসের প্রেশার নাই। যেটায় একটু আছে, সেখানে লম্বা লাইন, ১০ থেকে ১২ ঘণ্টা দাঁড়িয়ে থাকা লাগে। অনেক এলাকার পাম্পে তো গ্যাস নাই বলে বন্ধই করে রাখছে।" বিবিসি বাংলাকে এভাবেই বলছিলেন ঢাকার নতুন বাজার এলাকার বাসিন্দা, প্রাইভেটকার চালক মোহাম্মদ জালাল উদ্দিন। সপ্তাহজুড়ে গ্যাস স্টেশনগুলোতে চরম ভোগান্তির কারণে আপাতত গাড়ি বের করাই বন্ধ রেখেছেন বলে জানান তিনি। গ্যাস সংকটে চরম দুর্ভোগ বাসাবাড়িতেও। ঢাকার মোহাম্মদপুরের বাসিন্দা ফজলে রাব্বি সৌরভ জানান, গ্যাস না থাকায় সপ্তাহজুড়ে রেস্টুরেন্টের খাবারই তার ভরসা। "চারজন ব্যাচেলর বাসায় থাকি, রান্না করার জন্য লোক রাখা আছে। সারাদিন গ্যাস থাকে না, রাত ১২টার পর একটু আসে, তাও প্রেশার থাকে না। ওই সময় আবার রান্নার লোক আসতে পারবে না। চরম ভোগান্তিতে আছি, রেস্টুরেন্টই ভরসা," বিবিসি বাংলাকে বলেন তিনি। দুর্ভোগ চরমে ঢাকার মিরপুর ৬০ ফিট সড়ক সংলগ্ন এলাকার বাসিন্দা সুকন্যা আমীরের। ধারাবাহিক গ্যাস সংকটের কারণে রান্নার জন্য বৈদ্যুতিক চুলা ব্যবহার করতে বাধ্য হচ্ছেন তিনি। "এমনিতেই এই এলাকায় গ্যাসের সমস্যা আছে। কিন্তু গত কয়েকদিন ধরে গ্যাস আসে না বললেই চলে। ইনডাকশনে রান্না করে বাড়তি বিদ্যুৎ বিল দিচ্ছি আবার গ্যাস সংযোগ থাকায়, সেখানেও বিল দিতে হচ্ছে," বলেন মিজ আমীর। খোঁজ নিয়ে জানা গেছে, কেবল ঢাকায়ই নয়, আশপাশের জেলা নারায়ণগঞ্জ, গাজীপুর ও নরসিংদীর অনেক এলাকায় গ্যাস সংকট চরম আকার ধারণ করেছে। নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ না থাকায় সাভার ও গাজীপুরের শিল্প কারখানায় উৎপাদন ব্যাহত হচ্ছে বলেও খবর পাওয়া গেছে।

দেশে মোট চাহিদার তুলনায় গ্যাসের সরবরাহ কম থাকায় এ নিয়ে সাধারণ মানুষের ভোগান্তি নতুন নয়। কিন্তু গত সপ্তাহ থেকে সরবরাহ ঘাটতির কারণে অনেক এলাকার পরিস্থিতি অসহনীয় হয়ে উঠেছে। সাম্প্রতিক সংকটের কারণ হিসেবে ভাসমান এলএনজি টার্মিনাল বা ফ্লোটিং স্টোরেজ অ্যান্ড রিগ্যাসিফিকেশন ইউনিটে কারিগরি ত্রুটির কথা বলছে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। গত বুধবারের সংবাদ সম্মেলনে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পক্ষ থেকে দুই-তিনদিনের মধ্যে সমস্যা সমাধানের কথা বলা হয়েছিল। কিন্তু শনিবার সন্ধ্যা পর্যন্ত গ্যাস সংকট আরও প্রকট আকার ধারণ করেছে। এদিকে, এই সংকটের মধ্যেই সিএনজি বিক্রিতে কমিশন বাড়ানোর দাবিতে ধর্মঘটে নামার প্রস্তুতি নিচ্ছে বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন অ্যান্ড কনভার্সন ওয়ার্কশপ ওনার্স অ্যাসোসিয়েশন। শনিবার পেট্রোবাংলার সঙ্গে এ নিয়ে বৈঠক হলেও কোনো সমাধানে পৌঁছানো সম্ভব হয়নি বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন অ্যাসোসিয়েশনের নেতারা।

### সংকট কাটবে কবে?

চাহিদার তুলনায় সরবরাহ কম হওয়ায় বাংলাদেশে গ্যাস সংকটের বিষয়টি নিয়মিত। জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের তথ্য অনুযায়ী, দেশে তিন হাজার ৮০০ মিলিয়ন ঘনফুট গ্যাসের চাহিদার বিপরীতে সরবরাহ সক্ষমতা সব মিলিয়ে দুই হাজার ৭০০ থেকে দুই হাজার ৮০০ মিলিয়ন ঘনফুট। চাহিদার বাকি অংশের জোগান নিশ্চিত করা হয় বিদেশ থেকে আমদানির মাধ্যমে। এমন পরিস্থিতিতে এলএনজি (তরলীকৃত প্রাকৃতিক গ্যাস) টার্মিনালে ত্রুটি দেখা দেওয়ার কারণে মাঝেমধ্যেই সংকট চরম আকার ধারণ করে। জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের মুখপাত্র মনির হোসেন চৌধুরী জানিয়েছেন, এবারও ভাসমান এলএনজি টার্মিনালে বা এফএসআরইউ এ যান্ত্রিক ত্রুটির কারণেই গ্যাস সরবরাহে বিঘ্ন ঘটেছে। বাংলাদেশে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস বা এলএনজি জন্য কক্সবাজারের মহেশখালীতে দুটি ভাসমান এলএনজি টার্মিনাল বা এফএসআরইউ রয়েছে। এক্সিলারেট এনার্জি এবং সামিট গ্রুপ পরিচালিত এই টার্মিনালগুলোর মাধ্যমেই বিদেশ থেকে আনা এলএনজি রিগ্যাসিফিকেশন বা রূপান্তর করে জাতীয় গ্রিডে সরবরাহ করা হয়। যার একটিতে ত্রুটি হওয়ায় গ্যাস সরবরাহ নিয়ে এমন পরিস্থিতি তৈরি হয়েছে। শুরুতে এই সংকটকে সাময়িক হিসেবে উল্লেখ করা হলেও, ত্রুটি চিহ্নিত করতে সময় বেশি লাগার কারণেই প্রেক্ষাপট জটিল হয়েছে। এই পরিস্থিতি স্বাভাবিক হতে ঠিক কত সময় লাগতে পারে, সে বিষয়ে নিশ্চিত কোনো তথ্য দেননি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। বিবিসি বাংলাকে তিনি জানান, "সমস্যাটা এফএসআরইউতে। আমাদের দেশীয় বিশেষজ্ঞরা শুরুতে সমস্যাটা

চিহ্নিত করতে পারছিল না। পরবর্তীতে যুক্তরাজ্য ও সংযুক্ত আরব আমিরাত থেকে বিশেষজ্ঞ এসেছেন, তারা সমস্যাটা চিহ্নিত করেছেন। এখন তারা এটি সমাধান করার জন্য কাজ করছেন।" "এটা একটা টেকনিক্যাল প্রবলেম, এক্ষেত্রে টাইমফ্রেম ধরে কথা বলাটা কঠিন। আমাদের পেট্রোবাংলা এবং মন্ত্রণালয়ের জ্বালানি বিভাগও তাদের সঙ্গে নিবিড়ভাবে রয়েছে, কাজ করছে। আমরা সর্বোচ্চ চেষ্টা করছি যে, এটাকে যত দ্রুত সম্ভব ফাংশনাল করা যায়," বিবিসি বাংলাকে বলেন প্রতিমন্ত্রী।

**স্থায়ী সমাধান হচ্ছে না কেন?**

অভ্যন্তরীণভাবে উৎপাদনের সক্ষমতা থাকার পরও চাহিদা মেটাতে বিদেশ থেকে বেশ বড়ো মাত্রায় গ্যাস আমদানি করে বাংলাদেশ, যা মোট চাহিদার প্রায় এক তৃতীয়াংশ। অথচ দেশে তেল-গ্যাস অনুসন্ধানে তেমন অগ্রগতি নেই। ফলে জ্বালানি নিরাপত্তা সবসময়ই হুমকির মুখে থাকছে বলে মনে করেন বিশেষজ্ঞরা। তারা বলছেন, দেশীয় গ্যাস অনুসন্ধান ও উৎপাদন বাড়ানোর ক্ষেত্রে গুরুত্ব না দেওয়ায় আমদানিকৃত এলএনজির ওপর নির্ভরতা বেড়েছে। ফলে আমদানি অবকাঠামোর কোনো একটি অংশে সমস্যা দেখা দিলে তার প্রভাব পড়ছে জাতীয় গ্যাস সরবরাহ ব্যবস্থায়। উৎপাদন ও মজুতের ক্ষেত্রে নিজস্ব সক্ষমতা অর্জন ছাড়া এই সমস্যার সমাধান সম্ভব নয় বলেই মনে করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক, জ্বালানি ও টেকসই উন্নয়ন বিশেষজ্ঞ ড. ইজাজ হোসেন। "আমরা সবসময়ই ওয়ান থার্ড শর্টেজ-এর মধ্যে আছি। এরপর আবার যদি একটা এফএসআরইউ বিকল হয়, তাহলে তো আমাদের আরো ক্রাইসিস," বলেন তিনি। এছাড়া দুটি ভাসমান টার্মিনালের পাশাপাশি ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল নির্মাণে গুরুত্ব দেওয়ার পরামর্শ বিশেষজ্ঞদের। "আরও একটা এফএসআরইউ আমাদের একদম অপরিহার্য হয়ে গেছে। তাও আমাদের চাহিদা পূরণ হবে বলে মনে হয় না, অনেক আগেই ওইটা করে ফেলা উচিত ছিল," বিবিসি বাংলাকে বলেন মি. হোসেন। এক্ষেত্রে দেশে সরকার পরিবর্তনের সাথে নীতির পরিবর্তন হওয়ার বিষয়টিকেও দুষছেন এই বিশেষজ্ঞ। তিনি বলছেন, "একটি এফএসআরইউ পাইপ লাইনে ছিল, কিন্তু রাজনৈতিক পটপরিবর্তনের পর সেটি বাতিল হয়েছে। এক সরকার আসে, সিদ্ধান্ত নেয়, তারা চলে গেলে আবার নতুন সরকারের পরিকল্পনা আসে, এভাবে তো হবে না।" এছাড়া জ্বালানি নিরাপত্তা নিশ্চিতে প্রয়োজনে বিকল্প উৎসের কথাও ভাবতে বলছেন মি. হোসেন। "আমরা সব সময় গ্যাস গ্যাস করে যাচ্ছি, কিন্তু অনেক দেশ আছে, যেখানে গ্যাস নাই, তারা কীভাবে ম্যানেজ করছে? প্রয়োজনে আমাদের এনার্জি সাপ্লাইটা অন্যভাবে চিন্তা করা উচিত," বিবিসি বাংলাকে বলেন তিনি। পরিস্থিতি মোকাবিলায় আমদানিনির্ভরতা কমিয়ে- দেশে গ্যাস অনুসন্ধান ও উৎপাদন বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত।

এছাড়া জ্বালানি মজুত ও সরবরাহ সক্ষমতা বাড়াতে ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল নির্মাণের প্রক্রিয়া শুরু হয়েছে বলেও জানান প্রতিমন্ত্রী। তিনি বলছেন, "অতিরিক্ত আরও দুই একটা এফএসআরইউ স্থাপনের কাজ চলছে, পাশাপাশি মাতারবাড়িতে ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল নির্মাণের প্রাথমিক কাজও আমরা শুরু করেছি।" এছাড়া, দেশের স্থলভাগ ও সমুদ্র এলাকায় গ্যাস অনুসন্ধানে অফশোর ও অনশোর মডেল পিএসসির আওতায় গ্যাস উৎপাদনের জন্য দরপত্র আহ্বান এবং দেশি-বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করার কাজও চলছে বলে জানান তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৭.২০২৬ নারগীস)

## যুক্তরাষ্ট্র হামলা বন্ধ করায় আমরাও পাল্টা হামলা চালাচ্ছি না : ইরানের সামরিক মুখপাত্র

যুক্তরাষ্ট্র হামলা বন্ধ করায় ইরানের দিক থেকেও আর কোনো পাল্টা হামলা চালানো হচ্ছে না বলে জানিয়েছেন ইরানের সামরিক মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ আকরামিনিয়া। তিনি বলেছেন, চলমান যুদ্ধে ইরানের কৌশল হচ্ছে হামলার বিপরীতে পাল্টা হামলা। "যুক্তরাষ্ট্র গত দুই রাতে যেহেতু হামলা বন্ধ রেখেছে, সেজন্য আমরা আমাদের অভিযান বন্ধ করে দিয়েছি," বলেন জেনারেল আকরামিনিয়া। যুদ্ধবিরতি পুনরায় কার্যকর হওয়ার সম্ভাবনা প্রসঙ্গে তিনি আরও বলেন, "যুক্তরাষ্ট্রের কৌশলগত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা হ্রাস পাচ্ছে। তাদের কোনো সুস্পষ্ট কৌশল নেই। মার্কিন প্রেসিডেন্টের সিদ্ধান্তে এবং সেন্টকমের কর্মকাণ্ডে এটি প্রতিফলিত হয়।" এদিকে, মার্কিন গণমাধ্যমের খবরে বলা হয়েছে, ডোনাল্ড ট্রাম্প আপাতত ইরানের ওপর সামরিক হামলা বৃদ্ধি না করার সিদ্ধান্ত নিয়েছেন। ক্ষেপণাস্ত্রের মজুত কমে যাওয়া এবং পারস্য উপসাগরে আমেরিকার আরব মিত্রদের বিচ্ছিন্ন করে ফেলার শঙ্কা থেকে গত শুক্রবার এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে খবরে উল্লেখ করেছে নিউইয়র্ক টাইমস।

(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৭.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## ফেরদৌস-শাওন-সোমা-আনিস আলমগীরসহ ২৭ জনের বিরুদ্ধে ট্রাইব্যুনালে অভিযোগ

২০২৪ সালের জুলাই গণ-অভ্যুত্থানের সময় শিক্ষার্থীদের ওপর হামলা ও গণহত্যার ঘটনায় উসকানি ও প্ররোচনা দেওয়ার অভিযোগে দেশের ২৭ জন শিল্পী, সাংবাদিক ও সংস্কৃতিকর্মীর বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে অভিযোগ দায়ের করা হয়েছে। অভিযুক্তরা হলেন- ১. ফেরদৌস আহমেদ (চিত্রনায়ক ও সাবেক সংসদ সদস্য, ঢাকা-১০), ২. মেহের আফরোজ শাওন (অভিনেত্রী ও নির্মাতা), ৩. রিয়াজ আহমেদ (চিত্রনায়ক), ৪. অরুণা বিশ্বাস

(অভিনেত্রী), ৫. শামীম আরা নিপা (নৃত্যশিল্পী), ৬. রোকেয়া প্রাচী (অভিনেত্রী ও নির্দেশক), ৭. মাহিয়া মাহি (চিত্রনায়িকা), ৮. নিপুন আক্তার (চিত্রনায়িকা), ৯. তানভীন সুইটি (অভিনেত্রী), ১০. হৃদি হক (নাট্যব্যক্তিত্ব), ১১. জ্যোতিকা জ্যোতি (অভিনেত্রী), ১২. সাজু খাদেম (অভিনেতা), ১৩. সোহানা সাবা (অভিনেত্রী), ১৪. পিয়া জান্নাতুল (মডেল ও আইনজীবী), ১৫. শামীমা তুষ্টি (অভিনেত্রী), ১৬. হিরো আলম (অভিনেতা ও কনটেন্ট ক্রিয়েটর), ১৭. আশনা হাবীব ভাবনা (অভিনেত্রী), ১৮. সাইমন সাদিক (চিত্রনায়ক), ১৯. সুজাতা আজিম (অভিনেত্রী), ২০. জায়েদ খান (চিত্রনায়ক), ২১. আজিজুল হাকিম (অভিনেতা), ২২. চন্দন রেজা (অভিনেতা), ২৩. আসাদুজ্জামান নূর (প্রবীণ অভিনেতা ও সাবেক সংস্কৃতিমন্ত্রী), ২৪. মারিয়া কিশপট্টা (মডেল), ২৫. শান্তা ফারজানা, ২৬. সোমা ইসলাম (উপস্থাপিকা, চ্যানেল আই), ২৭. আনিস আলমগীর (সাংবাদিক)।

রোববার (২৬ জুলাই) দুপুরে রাষ্ট্রসংলাপ ফোরামের (এসডিএফ) কেন্দ্রীয় সদস্য সচিব আল নূর মোহাম্মদ আয়াস ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর বরাবর এই অভিযোগপত্র জমা দেন। অভিযোগকারী আল নূর মোহাম্মদ আয়াস বলেন, "গণ-অভ্যুত্থানের সময় সাধারণ শিক্ষার্থীদের ওপর যখন নির্যাতন চালানো হচ্ছিল, তখন অভিযুক্তরা অপরাধীদের পক্ষে অবস্থান নিয়ে উসকানি দিয়েছেন। পাশাপাশি জুলাইয়ে গণ-অভ্যুত্থানের পরও তারা জুলাই যোদ্ধাদের কটাক্ষ করে উসকানিমূলক স্ট্যাটাস, বক্তব্য ও ষড়যন্ত্র করে যাচ্ছেন। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের মাধ্যমে এসব অভিযোগের নিরপেক্ষ, স্বচ্ছ ও আইনানুগ তদন্ত নিশ্চিত করার দাবি জানাচ্ছি।" ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম জানিয়েছেন, বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৬.০৭.২০২৬ নারগীস)

## ২০০-এর বেশি মার্কিন সেনা নিহত : আইআরজিসি

আইআরজিসির (ইসলামি বিপ্লবী গার্ড কর্পস) মুখপাত্র একান্ত সাক্ষাৎকারে তাসনিম নিউজকে বলেছেন, সমঝোতা লঙ্ঘনের পর যুক্তরাষ্ট্রের নিহত সেনার সংখ্যা ২০০ জন ছাড়িয়েছে। প্রতিরক্ষা বিষয়ক তাসনিম নিউজের প্রতিবেদনে বলা হয়েছে, আইআরজিসির মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল হোসেইন মোহেব্বি বলেন, মার্কিন কর্তৃপক্ষ যে হতাহতের সংখ্যা প্রকাশ করেছে, তা "সম্পূর্ণ মিথ্যা"। তার ভাষ্য অনুযায়ী, মার্কিন লক্ষ্যবস্তুতে হামলায় ৮টি সেনা অবস্থান আঘাতপ্রাপ্ত হয়েছে, যার মধ্যে একটি ঘাঁটিতে থাকা ২০টি শেড (সামরিক স্থাপনা) সম্পূর্ণ ধ্বংস হয়েছে। তিনি আরও বলেন, "নাসর-২" অভিযানে ২০০ জনের বেশি মার্কিন সেনা নিহত হয়েছে এবং আহতের সংখ্যা এর চেয়েও অনেক বেশি। আইআরজিসির মুখপাত্র আরও বলেন, "মার্কিন জনগণ যেন তাদের মিথ্যাবাদী সামরিক কমান্ডারদের নিজেদের বোকা বানাতে না দেয়।" তিনি দাবি করেন, মার্কিন সরকার সাংবাদিকদের হামলাস্থল পরিদর্শনের সুযোগ দিলে সেখানে গিয়ে হতাহতের প্রকৃত সংখ্যা নিরূপণ করা সম্ভব হবে।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৬.০৭.২০২৬ নারগীস)

# ডয়চে ভেলে

## বাংলাদেশের সাবেক দুই রাষ্ট্রপতির বিরুদ্ধে ট্রাইব্যুনালে অভিযোগ

বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর কার্যালয়ে সদ্য বিদায়ি রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন এবং সাবেক রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের বিরুদ্ধে অভিযোগ দেওয়া হয়েছে। রোববার বাংলাদেশ আজাদি পার্টি ও রাষ্ট্রসংলাপ ফোরাম নামের দুটি সংগঠন দুটি অভিযোগ করেছে। আজাদি পার্টির আহ্বায়ক লেফটেন্যান্ট কর্নেল (অব.) মো. হাসিনুর রহমান বলেন, ৫ আগস্ট পর্যন্ত এত লোককে হত্যা করা হয়েছে, গুম করা হয়েছে; কোনো দিন প্রতিবাদ করেননি সাবেক এই দুই রাষ্ট্রপতি। এসব অপরাধে তাদের মৌন সম্মতি ছিল। আজাদি পার্টির প্রধান সংগঠক মুন্সি বোরহান মাহমুদ বলেন, সাবেক দুই রাষ্ট্রপতি আবদুল হামিদ ও সাহাবুদ্দিনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন। পিলখানা হত্যাকাণ্ড, শাপলা গণহত্যা, একে একে জুডিসিয়াল কিলিং, গুম, খুন, আয়নাঘরসহ বাংলাদেশে যতগুলো গণহত্যা হয়েছে, যতগুলো নারকীয় ঘটনা ঘটেছে, সব ঘটনার সময় এই দু-জন ব্যক্তি রাষ্ট্রের প্রধান ছিলেন। তার দাবি, তৎকালীন রাষ্ট্রপতিরা ফ্যাসিস্ট সরকারকে সমর্থন দিয়েছেন, সব ধরনের নিরাপত্তা দিয়েছেন। এই অন্যায়গুলোর প্রতিবাদ করেননি এবং ওই ক্ষমতার অংশ হয়ে সুবিধা ভোগ করেছেন। এই দুই সাবেক রাষ্ট্রপতি এই অন্যায়ের দায় এড়াতে পারেন না। রাষ্ট্রসংলাপ ফোরাম নামের সংগঠনটি শুধু সদ্য বিদায়ি রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের বিরুদ্ধে ট্রাইব্যুনালে অভিযোগ করেছে। চিফ প্রসিকিউটর কার্যালয়ে অভিযোগে সংগঠনটির কেন্দ্রীয় সদস্যসচিব আল নূর মোহাম্মদ আয়াস বলেছেন, তৎকালীন রাষ্ট্রপতি সাহাবুদ্দিনের পদত্যাগের দাবিতে শাহবাগে আন্দোলনের নেতৃত্ব দেওয়ার কারণে গত বছরের ১৮ জানুয়ারি রাতে ময়মনসিংহ যাওয়ার পথে মহাখালী বাসস্ট্যান্ড থেকে তাকে গুম করা হয়। পরদিন ১৯ জানুয়ারি বাংলামোটর এলাকায় তাকে ফেলে রেখে যায়। অভিযোগে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার 'একান্ত সহযোগী' হিসেবেও সাহাবুদ্দিনকে উল্লেখ করেছেন আল নূর মোহাম্মদ। অভিযোগে তিনি জুলাই গণ-অভ্যুত্থানে অংশগ্রহণকারী ছাত্র-জনতার ওপর গুলিবর্ষণ, অমানবিক নির্যাতন, খুন, গুমের হুকুমদাতা হিসেবে সাহাবুদ্দিনের ভূমিকা তদন্ত করে বিচারের দাবি জানিয়েছেন। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলামকে এক ব্রিফিংয়ে এ বিষয়ে প্রশ্ন করা হলে তিনি আজ এ বিষয়ে কথা বলতে রাজি হননি।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রনি)

## এনএইচকে

### যুদ্ধাস্ত্র সংক্রান্ত উদ্বেগ থেকে ইরানের ওপর বড়ো ধরনের বোমা হামলা স্থগিত রেখেছেন ট্রাম্প

মধ্যপ্রাচ্যে মার্কিন সেনাদের প্রতিরক্ষার জন্য প্রয়োজনীয় গোলাবারুদ কমে যাওয়ার উদ্বেগ থেকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের ওপর হামলা বাড়ানোর পরিকল্পনা স্থগিত করেছেন বলে জানা গেছে। শনিবার নিউইয়র্ক টাইমস প্রশাসনিক কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে জানিয়েছে যে, ট্রাম্প এর আগের দিন তার শীর্ষ উপদেষ্টা এবং মন্ত্রিসভার জ্যেষ্ঠ সদস্যদের সঙ্গে বৈঠক করেছেন এবং মধ্যপ্রাচ্যে পেন্টাগনের ইতোমধ্যে হ্রাস পাওয়া প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র নিরোধকসহ অন্যান্য আকাশ প্রতিরক্ষা অস্ত্রের মজুত নিয়ে আলোচনা করেছেন। জানা গেছে, জয়েন্ট চিফস অফ স্টাফের চেয়ারম্যান ড্যান কেইন সতর্ক করে বলেন যে, "ইরানের বিরুদ্ধে বড় ধরনের যুদ্ধ অভিযান পুনরায় শুরু করা সম্ভব, কিন্তু এর ফলে সামরিক বাহিনীর সেন্ট্রাল কমান্ডের হাতে থাকা নিরোধকগুলো বিপজ্জনকভাবে হ্রাস পাবে।" মার্কিন সংবাদপত্রটি জানায় যে জর্ডান, কুয়েত এবং মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশগুলোতে মার্কিন সেনাদের প্রতিরক্ষার জন্য প্রয়োজনীয় যুদ্ধাস্ত্রের সরবরাহ কমে আসার বিষয়ে তার সামরিক উপদেষ্টাদের মূল্যায়নের ভিত্তিতে ট্রাম্প বড় ধরনের বোমা হামলার পরিকল্পনা সাময়িকভাবে স্থগিত রেখেছেন বলে মনে হচ্ছে।(এনএইচকে ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### সেনা কর্মকর্তাদের পদোন্নতিতে মেধা-যোগ্যতাকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে : প্রধানমন্ত্রী

মেধা ও যোগ্যতাই একজন সেনা কর্মকর্তার পদোন্নতির প্রধান মাপকাঠি হওয়া উচিত বলে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, রাজনৈতিক মতাদর্শ কিংবা ব্যক্তিগত পছন্দ-অপছন্দের ঊর্ধ্বে উঠে সততা, ন্যায়পরায়ণতা, পেশাগত যোগ্যতা, চারিত্রিক দৃঢ়তা, দূরদর্শিতা ও নেতৃত্বের গুণাবলিকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। রোববার (২৬ জুলাই) আর্মড ফোর্সেস ডিভিশনে 'সেনাসদর সিলেকশন বোর্ডের' সভায় উপস্থিত জেনারেলদের উদ্দেশ্য করে দেওয়া বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন, সিলেকশন বোর্ডের মাধ্যমে নির্বাচিত কর্মকর্তারা ভবিষ্যতে বাংলাদেশ সেনাবাহিনীর সাফল্য, গৌরব ও পেশাদারত্বের ধারাবাহিকতা আরও সুদৃঢ় করবেন। তিনি বলেন, বর্তমান সরকারের দর্শন হচ্ছে, 'সবার আগে বাংলাদেশ' এবং জনগণের স্বার্থ রক্ষায় 'সবার জন্য বাংলাদেশ'। তিনি বলেন, পদোন্নতির ক্ষেত্রে একজন কর্মকর্তার শারীরিক সক্ষমতা ও শারীরিক উপস্থিতিও গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয় হওয়া উচিত। প্রধানমন্ত্রী বলেন, সেনাবাহিনীর যে-কোনো সাফল্যে তিনি গৌরববোধ করেন, আবার বাহিনী সম্পর্কে কোনো নেতিবাচক খবর তাকে অস্বস্তিতে ফেলে। ক্যান্টনমেন্ট তার গভীর আবেগ ও স্মৃতিময় স্থান উল্লেখ করে তিনি বলেন, সেনা পরিবেশেই তার কিশোর ও তারুণ্যের দিনগুলো কেটেছে। সে কারণে সেনাবাহিনীর নিয়ম-শৃঙ্খলা ও বিধিবিধান সম্পর্কে তিনি ওয়াকিবহাল এবং সেনাবাহিনীকে তিনি নিজের বৃহত্তর পরিবারের অংশ বলে মনে করেন। বক্তব্যের শুরুতে প্রধানমন্ত্রী স্বাধীনতার ঘোষক, বীর মুক্তিযোদ্ধা শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। তিনি বলেন, স্বাধীনতার ঘোষণা দিয়ে তৎকালীন মেজর জিয়া সেনাবাহিনীকে বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের ইতিহাসের অবিচ্ছেদ্য অংশে পরিণত করেছেন। স্বাধীনতার পর সেনাবাহিনীর ভাবমূর্তি ক্ষুণ্ণ ও বাহিনীতে অস্থিরতা সৃষ্টির অপচেষ্টা হলেও শহীদ লেফটেন্যান্ট জেনারেল জিয়াউর রহমানের দৃঢ় ও দূরদর্শী নেতৃত্বে সেনাবাহিনীতে শৃঙ্খলা ও পেশাদারত্বের নতুন যুগের সূচনা হয়েছিল।

সরকারপ্রধান ও প্রতিরক্ষামন্ত্রী হিসেবে প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের প্রতিরক্ষা ব্যবস্থার মূল শক্তি কেবল সশস্ত্র বাহিনীর সক্ষমতা নয়, বরং সমগ্র জাতির ঐক্য, প্রস্তুতি ও সহনশীলতায় নিহিত। এ লক্ষ্য সামনে রেখে শহিদ প্রেসিডেন্ট লেফটেন্যান্ট জেনারেল জিয়াউর রহমানের ধারণার আলোকে একটি আধুনিক প্রতিরক্ষা নীতিমালা প্রণয়ন করা হবে। এতে সশস্ত্র বাহিনী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, বেসামরিক প্রশাসন, শিল্প, প্রযুক্তি, শিক্ষাপ্রতিষ্ঠান ও সাধারণ জনগণ সমন্বিত জাতীয় নিরাপত্তা কাঠামোর অংশ হিসেবে কাজ করবে। এর উদ্দেশ্য যুদ্ধকে উৎসাহিত করা নয় বরং সম্ভাব্য সংকট, আগ্রাসন ও দুর্যোগ মোকাবিলায় আত্মনির্ভরশীল ও প্রস্তুত সশস্ত্র বাহিনী গড়ে তোলা। তিনি বলেন, বর্তমান সময়ে যুদ্ধের ধরন বদলে গেছে। ভৌগোলিক সীমান্তের পাশাপাশি সাইবার স্পেস, তথ্যযুদ্ধ, ড্রোন প্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা এবং আঞ্চলিক ভূ-কৌশলগত প্রতিযোগিতা নিরাপত্তার গুরুত্বপূর্ণ উপাদান হয়ে উঠেছে। এ কারণে ড্রোন প্রযুক্তি, স্যাটেলাইট নজরদারি, সাইবার ও ইলেকট্রনিক যুদ্ধ সক্ষমতা বাড়ানোর মাধ্যমে প্রতিরক্ষা ব্যবস্থা আরও শক্তিশালী করতে সরকার কাজ করছে। প্রধানমন্ত্রী বলেন, সময়ের চাহিদা অনুযায়ী আধুনিক ও প্রযুক্তিনির্ভর সেনাবাহিনী গড়ে তুলতে সরকার বদ্ধপরিকর। সামুদ্রিক নিরাপত্তা, সীমান্ত নিরাপত্তা, আন্তঃরাষ্ট্রীয় ও আন্তঃসীমান্ত হুমকি, সাইবার ও তথ্যভিত্তিক নিরাপত্তা, দুর্যোগ মোকাবিলা এবং মানবিক সহায়তাসহ বহুমাত্রিক নিরাপত্তা চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের ভৌগোলিক অবস্থান, অর্থনৈতিক সক্ষমতা, জাতীয় নিরাপত্তার প্রয়োজনীয়তা এবং জনগণের প্রত্যাশা বিবেচনায় বাস্তবসম্মত ও টেকসই প্রতিরক্ষা আধুনিকায়ন মডেল অনুসরণের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন তিনি। তিনি জানান, সশস্ত্র বাহিনীর আধুনিকায়ন ও উন্নয়নের জন্য একটি রূপরেখা প্রণয়ন করা হচ্ছে। সেখানে সংখ্যার পরিবর্তে সক্ষমতা, সম্প্রসারণের পাশাপাশি কার্যকারিতা, প্ল্যাটফর্ম বৃদ্ধির পরিবর্তে প্রযুক্তিগত উদ্ভাবন এবং একক বাহিনীকেন্দ্রিক উন্নয়নের

পরিবর্তে যৌথ সক্ষমতার ওপর গুরুত্ব দেওয়া হবে। একই সঙ্গে সুশৃঙ্খল, আধুনিক ও শক্তিশালী সশস্ত্র বাহিনী গঠন, সমন্বিত প্রতিরক্ষা পরিকল্পনা, যুগোপযোগী প্রতিরক্ষা নীতি, দেশীয় প্রতিরক্ষা শিল্পের বিকাশ এবং গণতান্ত্রিক সামরিক-বেসামরিক সম্পর্ক জোরদারের কথাও উল্লেখ করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## মেধাবী ও আত্মবিশ্বাসী প্রজন্ম গড়ে তোলা সরকারের প্রধান অগ্রাধিকার : তারেক রহমান

সুস্থ, মেধাবী, সুশৃঙ্খল ও আত্মবিশ্বাসী প্রজন্ম গড়ে তোলাকে বর্তমান সরকারের প্রধানতম অগ্রাধিকার বলে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, শিক্ষা, ক্রীড়া, সংস্কৃতি ও প্রযুক্তির সমন্বিত বিকাশই বাংলাদেশের বর্তমান ও ভবিষ্যৎ উন্নয়ন এবং সমৃদ্ধির ভিত্তি। এ কারণে সরকার ক্রীড়াকে শুধু শরীরচর্চা, বিনোদন বা প্রতিযোগিতার ক্ষেত্র হিসেবে নয়, পেশা হিসেবে সুপ্রতিষ্ঠিত করার লক্ষ্যে জাতীয় শিক্ষা কারিকুলামে অন্তর্ভুক্ত করার উদ্যোগ নিয়েছে। রোববার (২৬ জুলাই) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, একটি সুস্থ, উদ্যমী ও মানবিক সমাজ বিনির্মাণে খেলাধুলার ভূমিকা অপরিসীম। প্রধানমন্ত্রী বলেন, সরকার ক্রীড়াকে মানবসম্পদ উন্নয়ন, জাতীয় ঐক্য এবং আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের মর্যাদা বৃদ্ধির একটি শক্তিশালী মাধ্যম হিসেবে বিবেচনা করছে। এ লক্ষ্যে তৃণমূল থেকে প্রতিভা অন্বেষণ ও আন্তর্জাতিক মানের ক্রীড়াবিদ গড়ে তুলতে ধারাবাহিক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। তিনি জানান, গত ২ মে সিলেট জেলা স্টেডিয়াম থেকে দেশব্যাপী 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২৬'-এর উদ্বোধন করা হয়। এরপর সারাদেশে আটটি ইভেন্ট সফলভাবে সম্পন্ন হওয়ার পর ক্রীড়া মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় ২৭ জুলাই বাংলাদেশ আর্মি স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে এ আয়োজনের প্রথম আসরের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। প্রধানমন্ত্রী বলেন, তৃণমূল পর্যায় থেকে প্রতিভাবান ক্রীড়াবিদ গড়ে তোলার ক্ষেত্রে ক্রীড়া প্রতিভা অন্বেষণের এ আয়োজন একটি কার্যকর ও টেকসই ভিত্তি রচনা করবে। দেশের ক্রীড়া বিকাশে এ উদ্যোগের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে তিনি শুভেচ্ছা জানান। তিনি আরও বলেন, আজকের শিশু-কিশোর তারুণ্যই আগামীর বাংলাদেশ। তাদের সুপ্ত প্রতিভার বিকাশ, শারীরিক ও মানসিক সক্ষমতা বৃদ্ধি এবং ইতিবাচক মূল্যবোধে সমৃদ্ধ নাগরিক হিসেবে গড়ে তুলতে খেলাধুলার কোনো বিকল্প নেই। ক্রীড়া মানুষকে শৃঙ্খলাবোধ, অধ্যবসায়, নেতৃত্ব, পারস্পরিক শ্রদ্ধাবোধ, সহিষ্ণুতা ও দেশপ্রেমের শিক্ষা দেয়।

প্রধানমন্ত্রী বলেন, 'নতুন কুঁড়ি স্পোর্টস' বর্তমান সরকারের একটি যুগান্তকারী উদ্যোগ। এর মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে ১০ থেকে ১৪ বছর বয়সী শিশু-কিশোরদের ক্রীড়া প্রতিভা অন্বেষণ, পরিচর্যা ও বিকাশের একটি কার্যকর জাতীয় কাঠামো গড়ে উঠছে। তার বিশ্বাস, এ কর্মসূচি ভবিষ্যতের জাতীয় দল ও আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের প্রতিনিধিত্বকারী ক্রীড়াবিদ তৈরির একটি শক্তিশালী ভিত্তি হিসেবে প্রতিষ্ঠিত হবে। তারেক রহমান বলেন, সরকারের অন্যতম অঙ্গীকার হলো দেশের ক্রীড়াঙ্গনকে আধুনিক, বিজ্ঞানভিত্তিক ও আন্তর্জাতিক মানসম্পন্ন করে গড়ে তোলা। সে লক্ষ্যেই প্রতিভাবান খেলোয়াড়দের দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ, প্রয়োজনীয় পৃষ্ঠপোষকতা এবং বাংলাদেশ ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠানে (বিকেএসপি) ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। প্রধানমন্ত্রী জানান, "নতুন কুঁড়িকে' আরও সমৃদ্ধ ও প্রাণবন্ত করতে আগামী 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭' আসরে টেবিল টেনিস ও ভলিবল যুক্ত করা হবে। এতে ইভেন্টের সংখ্যা বেড়ে ১০ হবে। একইসঙ্গে অধিকসংখ্যক প্রতিভাবান খেলোয়াড়কে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে অংশগ্রহণকারীদের বয়সসীমা ১২-১৪ বছর থেকে সম্প্রসারণ করে ১০-১৪ বছর নির্ধারণ করা হয়েছে। তিনি আশা প্রকাশ করেন, 'নতুন কুঁড়ি স্পোর্টস'-এর এই খুদে খেলোয়াড়রাই একদিন আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের লাল-সবুজের পতাকাকে গৌরবের সঙ্গে বহন করবে এবং দেশের জন্য সাফল্য বয়ে আনবে। পাশাপাশি বিশ্ব ক্রীড়াঙ্গনে বাংলাদেশের মর্যাদাকে আরও সুপ্রতিষ্ঠিত করবে। পোস্টের শেষে 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২৬'-এর প্রথম আসরে অংশগ্রহণকারী সব খুদে ক্রীড়াবিদ, প্রশিক্ষক, বিচারক, আয়োজক, স্বেচ্ছাসেবক এবং এ উদ্যোগ বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন ও শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী। একইসঙ্গে তিনি সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের সার্বিক সাফল্য কামনা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## চা শিল্পের উন্নয়নে সহযোগিতার আশ্বাস প্রধানমন্ত্রীর, কমিটি গঠন

চা শিল্পের বিকাশ, উৎপাদন সক্ষমতা বৃদ্ধি এবং শিল্পের দীর্ঘদিনের সমস্যা সমাধানে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (২৬ জুলাই) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে দেশের চা শিল্পের উন্নয়ন নিয়ে আয়োজিত এক সভায় তিনি এ কথা বলেন। সভায় দেশের বিভিন্ন চা বাগানের মালিক ও সংশ্লিষ্ট প্রতিনিধিরা শিল্পের বর্তমান অবস্থা, উৎপাদন ব্যয় বৃদ্ধি, অর্থায়ন সংকট, জ্বালানি ব্যয় এবং আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতা ধরে রাখার চ্যালেঞ্জসহ বিভিন্ন বিষয় প্রধানমন্ত্রীর সামনে তুলে ধরেন। একইসঙ্গে তারা শিল্পের টেকসই উন্নয়নের লক্ষ্যে কিছু দাবি ও প্রস্তাব উপস্থাপন করেন। এসময় প্রধানমন্ত্রী সবার বক্তব্য মনোযোগ দিয়ে শোনেন এবং চা শিল্পকে দেশের অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ খাত হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, এ শিল্পের বিকাশে সরকার প্রয়োজনীয় নীতিগত, আর্থিক ও প্রাতিষ্ঠানিক সহায়তা দেবে। সভায় প্রধানমন্ত্রী চা বাগান মালিকদের বিদ্যমান ঋণের দায় সহজীকরণ এবং স্বল্প সুদে ঋণ দেওয়ার আশ্বাস দেন। পাশাপাশি চা বাগানে চাষের অনুপযোগী জমিতে সৌরবিদ্যুৎ উৎপাদনের অনুমতি দেওয়ার বিষয়টি ইতিবাচকভাবে বিবেচনার কথা জানান। এ ধরনের নবায়নযোগ্য জ্বালানি প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থনৈতিক সহযোগিতা দেওয়ার আশ্বাস দেন। প্রধানমন্ত্রী চা শিল্পের

বিদ্যমান সমস্যা চিহ্নিত করে কার্যকর সমাধান করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ এবং চা শিল্প-সংশ্লিষ্ট কমিটির প্রতিনিধিদের সমন্বয়ে একটি কমিটি গঠনের নির্দেশ দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## বঙ্গভবন ছাড়লেন সাবেক রাষ্ট্রপতি সাহাবুদ্দিন

পদত্যাগের দুইদিন পর সরকারি বাসভবন বঙ্গভবন ছেড়েছেন সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। রোববার (২৬ জুলাই) দুপুর ২টা ২৫ মিনিটে তিনি বঙ্গভবন থেকে রাজধানীর গুলশানে অবস্থিত নিজ বাসভবন গ্রিন ভিলার উদ্দেশ্যে রওয়ানা হন। এর আগে, গত ২৪ জুলাই রাষ্ট্রপতির পদ থেকে পদত্যাগ করেন মো. সাহাবুদ্দিন চুপ্পু। সংবিধান অনুযায়ী তিনি পাঁচ বছরের জন্য রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত হলেও দায়িত্ব পালন করেন তিন বছর তিন মাস। রাষ্ট্রপতির দায়িত্ব পালনকালে তিনি বিভিন্ন সাংবিধানিক দায়িত্ব পালনের পাশাপাশি রাষ্ট্রীয় নানা কর্মসূচিতে অংশ নেন। পদত্যাগের মাধ্যমে রাষ্ট্রপতি হিসেবে তার দায়িত্বের আনুষ্ঠানিক সমাপ্তি ঘটে। রোববার বঙ্গভবন ত্যাগের মধ্যদিয়ে সরকারি বাসভবনে তার অবস্থানেরও সমাপ্তি হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## জিয়াউর রহমান ও খালেদা জিয়ার কবরে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির শ্রদ্ধা

শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার কবরে শ্রদ্ধা জানিয়েছেন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ। রোববার (২৫ জুলাই) দুপুর সাড়ে ১২টায় রাজধানীর জিয়া উদ্যানে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে তিনি শ্রদ্ধা নিবেদন করেন। এসময় মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেন তার সঙ্গে উপস্থিত ছিলেন। ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির শ্রদ্ধা নিবেদন ঘিরে পুরা জিয়া উদ্যানে নিরাপত্তাব্যবস্থা জোরদার করা হয়েছে। জিয়া উদ্যান ও আশপাশের এলাকায় বিপুলসংখ্যক আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যকে উপস্থিতি থাকতে দেখা যায়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## সাবেক এমপি সাইফুলসহ ১৯ জনের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল

জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানের সময় সাভারে গুলির পর পুলিশের সাঁজোয়াযান থেকে ফেলে শাইখ আসহাবুল ইয়ামিনকে হত্যার ঘটনায় সাবেক সংসদ সদস্য সাইফুল ইসলামসহ ১৯ জনের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ (ফরমাল চার্জ) দাখিল করেছে রাষ্ট্রপক্ষের প্রসিকিউশন। রোববার (২৬ জুলাই) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের রেজিস্ট্রারের কাছে এই অভিযোগ জমা দেওয়া হয়। প্রসিকিউশনের পক্ষ থেকে জানানো হয়, দীর্ঘ তদন্ত শেষে তদন্ত সংস্থার প্রতিবেদন পর্যালোচনা করে ১৯ জনকে আসামি করে এই ফরমাল চার্জ দাখিল করা হয়েছে। মামলায় বর্তমানে সাতজন আসামি কারাগারে রয়েছেন। তারা হলেন- ঢাকা জেলার সাবেক অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মো. আব্দুল্লাহিল কাফী, সাবেক অতিরিক্ত পুলিশ সুপার (সাভার সার্কেল) মো. শাহিদুল ইসলাম, সহকারী উপপরিদর্শক মোহাম্মদ আলী, নায়েক সোহেল, মিজানুর রহমান, জাকির হোসেন ও কনস্টেবল মাসুদ মিয়া। নিহত আসহাবুল ইয়ামিন সামরিক বিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউটের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী ছিলেন। ইয়ামিন হত্যার ঘটনায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে অভিযোগ করা হয় ২০২৫ সালের ২৩ সেপ্টেম্বর। চিফ প্রসিকিউটর বরাবর এ অভিযোগ দাখিল করেন নিহতের মামা মোহাম্মদ আব্দুল্লাহ আল মুন কাদির। তার পক্ষে আইনজীবী হিসেবে ছিলেন সাকিল আহমাদ। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## শেখ হাসিনাসহ ১১ জনের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল

আট বছর আগে কক্সবাজারের টেকনাফ পৌরসভার কাউন্সিলর একরামুল হক হত্যা মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ১১ জনের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করা হয়েছে। রোববার (২৬ জুলাই) সকালে এ অভিযোগ দাখিল করা হয়। ২০১৮ সালের ২৬ মে রাতে র‌্যাবের সঙ্গে কথিত বন্দুকযুদ্ধে নিহত হন একরামুল। এই বিচারবহির্ভূত হত্যাকাণ্ড দেশজুড়ে তীব্র আলোড়ন সৃষ্টি করে, যার সঙ্গে ফাঁস হওয়া একটি ফোনালাপ এবং আন্তর্জাতিক নিষেধাজ্ঞার মতো গুরুত্বপূর্ণ বিষয় জড়িত। ২০১৮ সালের ২৬ মে রাতে র‌্যাবের সঙ্গে কথিত 'বন্দুকযুদ্ধে' নিহত হন টেকনাফ পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের তৎকালীন কাউন্সিলর একরামুল। তিনি ১২ বছর টেকনাফ উপজেলা যুবলীগের সভাপতি ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## বান্দরবানে নিখোঁজ পর্যটকের মরদেহ উদ্ধার

বান্দরবানের থানচি উপজেলার তিন্দুর বড়পাথর এলাকার সাঙ্গু নদীতে নৌকা ডুবে নিখোঁজ পর্যটক জাওয়াদ-উল ইসলাম নাহিয়ানের (২৪) মরদেহ উদ্ধার করা হয়েছে। রোববার (২৬ জুলাই) সকাল সাড়ে ৭টার দিকে সাঙ্গু নদীর তিন্দুমুখ ও বড়পাথর (রাজাপাথর) এলাকার মাঝামাঝি স্থান থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। নিহত জাওয়াদ-উল ইসলাম নাহিয়ান ময়মনসিংহ সদর উপজেলার মাসকান্দা গ্রামের হেলাল উদ্দিনের ছেলে। স্থানীয় সূত্র ও প্রশাসন জানায়, শুক্রবার দুপুরে আলীকদম-থানচি সড়কের ২১ কিলোমিটার এলাকা দিয়ে ১৩ জন পর্যটক তিন্দু বাজারে পৌঁছান। পরে স্থানীয় গাইড গর্জেন ত্রিপুরা তাদের গ্রহণ করেন। বিকেলে তারা তিন্দু ঘাট থেকে দুটি নৌকায় রেমাক্রির উদ্দেশ্যে যাত্রা করেন। একটি নৌকায় ছয়জন এবং অন্যটিতে সাতজন পর্যটক ছিলেন। রেমাক্রির পথে তিন্দু বড়পাথর (রাজাপাথর) এলাকায় পৌঁছালে, সাঙ্গু নদীর তীব্র স্রোতে সাতজন আরোহী থাকা একটি নৌকা ডুবে যায়। এ সময় ছয়জন সাঁতরে তীরে উঠতে সক্ষম হলেও জাওয়াদ-উল ইসলাম নাহিয়ান নিখোঁজ হন। দুর্ঘটনার পর গত দুইদিন ফায়ার সার্ভিস,

পুলিশ, বিজিবি এবং স্থানীয় বাসিন্দারা যৌথভাবে উদ্ধার অভিযান চালিয়েও তাকে খুঁজে পাননি। রোববার সকালে তিন্দুমুখ ও বড়পাথরের মাঝামাঝি এলাকায় তার মরদেহ ভেসে উঠলে স্থানীয়রা প্রশাসনকে খবর দেন। তিন্দু ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মংপ্রু অং মারমা বলেন, "সকাল সাড়ে ৭টার দিকে বড়পাথর ও তিন্দুমুখের মাঝামাঝি স্থানে (মারমা নাইঃ অং বলে) নিখোঁজ পর্যটকের মরদেহ ভেসে উঠতে দেখে স্থানীয়রা প্রশাসনকে খবর দেয়।" থানচি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোহাম্মদ আব্দুল্লাহ-আল-ফয়সাল বলেন, "মরদেহ উদ্ধার করা হয়েছে। ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে রয়েছে। তারা ফিরে এলে উদ্ধার অভিযান ও ঘটনার বিষয়ে বিস্তারিত তথ্য জানানো হবে বলে জানান তিনি।" (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## ৯৮ মামলায় ৯৯ দিন রিমান্ডে ছিলাম, আইনজীবীদের সঙ্গে সাক্ষাতের সুযোগ চাই

জুলাই আন্দোলন চলাকালে রাজধানীর মোহাম্মদপুরে ট্রাকচালক মো. হোসেন হত্যা মামলায় আদালতে হাজির হয়ে আইনজীবীদের সঙ্গে বিশেষ সাক্ষাতের অনুমতি চেয়েছেন সাবেক আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। এ সময় তিনি বলেন, তার বিরুদ্ধে দায়ের হওয়া ৯৮টি মামলায় মোট ৯৯ দিন রিমান্ডে নেওয়া হয়েছে এবং প্রতিটি মামলার বিচার চলছে। রোববার (২৬ জুলাই) ঢাকার বিশেষ জজ আদালত-৪-এর বিচারক রবিউল আলমের আদালতে এ মামলার শুনানির সময় পলক এসব কথা বলেন। আদালতের উদ্দেশ্যে পলক বলেন, "আমার ৯৮টি মামলায় ৯৯ দিন রিমান্ড হয়েছে। প্রতিটি মামলার বিচার চলছে। আইসিটি মামলায় সাক্ষ্যগ্রহণ চলছে।" তিনি আরও বলেন, "ঘাড়ে আঘাত পাওয়ায় চিকিৎসক আমাকে হেলমেট না পরার পরামর্শ দিয়েছেন। বর্তমানে ১৫ দিনে পরিবারের সদস্যদের সঙ্গে মাত্র আধাঘণ্টা দেখা করার সুযোগ পাই। মামলার বিষয়ে আইনজীবীদের সঙ্গে প্রিভিলেজড কমিউনিকেশনের জন্য অন্তত প্রতি দুই সপ্তাহে দুইদিন, তিন ঘণ্টা করে সাক্ষাতের অনুমতি চাই।" পলকের আবেদন শুনে আদালত কারাবিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন। একই দিন এ আদালতে জুলাই আন্দোলনের সময় মোহাম্মদপুরের চাঁদ উদ্যান এলাকায় ট্রাকচালক মো. হোসেন হত্যা মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৩৪ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানি অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। তবে মামলার আসামি সাবেক কাউন্সিলর ফোরকান হোসেনকে আদালতে হাজির না করায় রাষ্ট্রপক্ষ সময়ের আবেদন করে। আসামিপক্ষও শুনানি পেছানোর আবেদন জানায়। উভয়পক্ষের আবেদন মঞ্জুর করে বিচারক আগামী ১৩ আগস্ট অভিযোগ গঠনের শুনানির নতুন তারিখ নির্ধারণ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## স্মৃতিসৌধে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির শ্রদ্ধা নিবেদন

সাভারের জাতীয় স্মৃতিসৌধে বীর শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম। রোববার (২৬ জুলাই) সকাল ১১টা ৩৮ মিনিটে শহিদ বেদীতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে গভীর শ্রদ্ধা নিবেদন করেন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি। শ্রদ্ধা নিবেদন শেষে সকাল ১১টা ৪২ মিনিটে তিনি স্মৃতিসৌধের পরিদর্শন বইয়ে (স্মারক বই) মন্তব্য লেখেন এবং স্বাক্ষর করেন। আনুষ্ঠানিকতা সম্পন্ন করে সকাল ১১টা ৪৬ মিনিটে তিনি মোটর শোভাযাত্রা নিয়ে স্মৃতিসৌধ প্রাঙ্গণ ত্যাগ করেন। এ সময় স্মৃতিসৌধ প্রাঙ্গণের প্রধান ফটকের সামনে বিএনপি ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত থেকে রাষ্ট্রপতিকে স্বাগত জানিয়ে বিভিন্ন স্লোগান দেন। অনুষ্ঠানে সশস্ত্র বাহিনীর প্রধানগণসহ উর্ধ্বতন সরকারি ও সামরিক কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির সফরকে কেন্দ্র করে শনিবার থেকেই জাতীয় স্মৃতিসৌধ এলাকায় বিশেষ নিরাপত্তা বাহিনী ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিচ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলা হয়েছিল। তবে এই বিশেষ নিরাপত্তা ব্যবস্থার মধ্যেও ঢাকা-আরিচা মহাসড়কে যানবাহন চলাচল পুরোপুরি স্বাভাবিক ছিল, যার ফলে সাধারণ যাত্রী ও পথচারীদের কোনো ভোগান্তিতে পড়তে হয়নি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## যাত্রাবাড়ী, মুগদা ও বংশাল থানা পুলিশের অভিযানে গ্রেফতার ৪২

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) যাত্রাবাড়ী, মুগদা ও বংশাল থানা পুলিশ বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ৪২ জনকে গ্রেফতার করেছে। রোববার (২৬ জুলাই) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। যাত্রাবাড়ী থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, গতকাল শনিবার (২৫ জুলাই) যাত্রাবাড়ী থানা পুলিশ থানাধীন বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ২২ জনকে গ্রেফতার করেছে। নিয়াজ মেহেদী বলেন, গ্রেফতারদের মধ্যে রয়েছে নিয়মিত ও পরোয়ানাভুক্ত মামলার আসামি ও বিভিন্ন অপরাধের সঙ্গে জড়িত অপরাধী। তাদের আদালতে পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## অলিম্পিক প্রস্তুতি শুরু নতুন কুঁড়ি স্পোর্টস থেকেই : ক্রীড়া প্রতিমন্ত্রী

দেশের তৃণমূল থেকে প্রতিভাবান খেলোয়াড় তুলে এনে অলিম্পিক পদক জয়ের স্বপ্ন বাস্তবায়নে দীর্ঘমেয়াদি প্রস্তুতি শুরু হয়েছে বলে জানিয়েছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. আমিনুল হক। তিনি বলেন, এই প্রস্তুতির ভিত্তি হিসেবে কাজ করছে নতুন কুঁড়ি স্পোর্টস। রোববার (২৬ জুলাই) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে বিশ্বকাপ ফুটবল সম্প্রচার নিয়ে ধন্যবাদ জ্ঞাপন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান কয়েক দিন

আগে তাকে প্রশ্ন করেছিলেন, বাংলাদেশ অলিম্পিকে কবে পদক পাবে। সেই লক্ষ্য নিয়েই সরকার কাজ শুরু করেছে। রাতারাতি পরিবর্তন সম্ভব নয়। পাঁচ, ১০ বছর কিংবা তারও বেশি সময় লাগতে পারে। তবে নতুন কুঁড়ি স্পোর্টসের মাধ্যমে ১০ থেকে ১৪ বছর বয়সি কিশোর-কিশোরীদের মধ্য থেকেই ভবিষ্যতের অলিম্পিয়ান তৈরি করা হবে। তিনি জানান, নতুন কুঁড়ি স্পোর্টসের আটটি ইভেন্ট থেকে বাছাই হওয়া প্রতিভাবান খেলোয়াড়দের সরকারি খরচে বিকেএসপিতে পড়াশোনা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। সাভারের বিকেএসপির পাশাপাশি বিভাগীয় পর্যায়ের শাখাগুলোও শক্তিশালী করা হচ্ছে, যাতে এসব খেলোয়াড়কে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ দেওয়া যায়। আমিনুল হক বলেন, দেশের প্রত্যন্ত অঞ্চলে অনেক প্রতিভাবান খেলোয়াড় রয়েছে, যারা সুযোগের অভাবে নিজেদের বিকাশ ঘটাতে পারেনি। নতুন কুঁড়ি স্পোর্টসের মাধ্যমে তারা জাতীয় স্টেডিয়াম, জাতীয় সুইমিং কমপ্লেক্স ও আন্তর্জাতিক মানের ইনডোর স্টেডিয়ামে খেলার সুযোগ পাচ্ছে, যা তাদের বড় স্বপ্ন দেখার সাহস জোগাচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## ঢাকায় সাবেক মার্কিন গোয়েন্দা কর্মকর্তা, যা জানালেন স্বরাষ্ট্রমন্ত্রী

মার্কিন সেন্ট্রাল ইন্টেলিজেন্স এজেন্সির (সিআইএ) ডিরেক্টরেট অব অপারেশন্সের সাবেক সিনিয়র কর্মকর্তা জেরাল্ড পি হ্যামিল্টন রাজধানীর একটি পাঁচ তারকা হোটেলে অবস্থান করছেন। তার বিষয়ে কিছু জানে না বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার (২৬ জুলাই) দুপুরে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। ঢাকার একটি হোটেলে মার্কিন গোয়েন্দা সংস্থার সাবেক ডিরেক্টরেট অব অপারেশনস অবস্থান করছেন। পররাষ্ট্র মন্ত্রণালয় বলছে, তারা কিছু জানে না, আপনাদের গোচরে আছে কিনা, জানিয়ে এসেছেন কিনা বা তার ফাংশন কী? এ বিষয়ে কোনো ধারণা আছে কিনা? এমন প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, পররাষ্ট্র মন্ত্রণালয়কেই জিজ্ঞেস করেন, এটা আমি জানবো কীভাবে? সাংবাদিক পাল্টা প্রশ্ন করেন, পররাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে কিছুই জানে না। আপনারা জানেন কিনা? জবাবে মন্ত্রী বলেন, আমার জানার কথা না। সে রকম কিছু হলে আপনারা পত্রিকায় প্রকাশ করুন, আমরা দেখবো। এদিকে প্রবাসী সাংবাদিক জুলকারনাইন সায়ের গতকাল শনিবার তার ভেরিফায়েড ফেসবুক পেজে এ সংক্রান্ত একটি পোস্ট করেছেন। তিনি লিখেছেন, "মার্কিন সেন্ট্রাল ইন্টেলিজেন্স এজেন্সির (সিআইএ) ডিরেক্টরেট অব অপারেশন্সের সাবেক সিনিয়র কর্মকর্তা জেরাল্ড পি হ্যামিল্টন আজ ঢাকায় এসেছেন। মার্কিন দূতাবাসের রেফারেন্সে (বুকিং রেফারেন্স অনুযায়ী) তিনি আজ (শনিবার) রাজধানীর একটি পাঁচ তারকা হোটেলে চেক-ইন করেন। হোটেল সূত্র জানায়, আগামী ৩১ জুলাই পর্যন্ত তিনি সেখানে অবস্থান করবেন।" পোস্টে তিনি লেখেন, "দীর্ঘ ৩৫ বছর সিআইএর বিশেষ শাখায় কাজ করা হ্যামিল্টন দক্ষিণ এশিয়া, লাতিন আমেরিকা, আফ্রিকা ও ইউরোপে নানা দায়িত্ব পালন করেছেন। তিনি এজেন্সির সদর দপ্তরে ডিভিশন চিফ ও অফিস ডিরেক্টর পদেও ছিলেন। অবসরের আগে তিনি 'ডিস্টিঙ্গুইশড ক্যারিয়ার ইন্টেলিজেন্স মেডেলসহ একাধিক সম্মাননা লাভ করেন।" জুলকারনাইন সায়ের আরও লিখেছেন, "তবে তার এই সফরের উদ্দেশ্য সম্পর্কে মার্কিন দূতাবাস বা বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় কেউই কোনো প্রকার ঘোষণা দেয়নি। কোনো সরকারি বৈঠকের তালিকায় তার নাম নেই, ফলে এই সফর নিরাপত্তা সহযোগিতা, ব্যক্তিগত সফর, নাকি অন্য কোনো এজেন্ডা, তা এখনও স্পষ্ট নয়।" আগামী ২৯ জুলাই যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক বিশেষ দূত সার্জিও গোর ঢাকা সফরে আসছেন। ৩০ জুলাই বিশেষ দূত সার্জিও গোরসহ মার্কিন রাষ্ট্রদূত একদিনের সফরে কক্সবাজারে রোহিঙ্গা শরণার্থী শিবির পরিদর্শন করবেন বলে জানা যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## বেনজীরকে ফেরত আনতে দু-একদিনের ভেতর আরও কাগজপত্র পাঠানো হবে

সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) দুবাইয়ে গ্রেফতার বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদকে দেশে ফেরত আনতে দু-একদিনের ভেতর আরও কাগজপত্র পাঠানো হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার (২৬ জুলাই) দুপুরে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সেখানে তিনি 'পুলিশের সাহসিকতা ও প্রশংসনীয় কাজের স্বীকৃতিস্বরূপ পুরস্কার ও সম্মাননা প্রদান' অনুষ্ঠানে অংশ নেন। বেনজীর আহমেদকে ফিরিয়ে আনার ব্যাপারে প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "প্রথমবার ৩০ দিনের ভেতরে যে কাগজপত্র সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) দুবাই চেয়েছে, আমরা তা তিনদিনের ভেতরে পাঠিয়েছি। এরপর তাদের রয়েল কোর্ট, আদালত থেকে কয়েকটি বিষয় জানতে চেয়েছে। সেই জবাবগুলো আমরা দিচ্ছি। সেটাও দুই-একদিনের ভেতরেই যাবে।" (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## মালদ্বীপের প্রেসিডেন্টের সঙ্গে খলিলুর রহমানের সাক্ষাৎ, সার্ক নিয়ে আলাপ

মালদ্বীপের প্রেসিডেন্ট ড. মোহাম্মদ মুইজ্জুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। সাক্ষাতে দুই দেশের মধ্যে বিদ্যমান চমৎকার দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদার করা, আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধি ও সার্ককে পুনরুজ্জীবিত করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন উভয় নেতা। মালদ্বীপ প্রজাতন্ত্রের স্বাধীনতার ৬১তম বার্ষিকী উদ্‌যাপনে বিশেষ অতিথি হিসেবে যোগ দিতে শনিবার (২৫ জুলাই) বিকেলে রাজধানী মালেতে পৌঁছান পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। মালদ্বীপের পররাষ্ট্রমন্ত্রী ইরুথিশাম আদাম বিমানবন্দরে তাকে স্বাগত জানান। রোববার (২৬ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মো. কামরুল ইসলাম ভুঁইয়ার পাঠানো এক

সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, মালেতে পৌঁছেই প্রেসিডেন্ট কার্যালয়ে মালদ্বীপের প্রেসিডেন্ট মোহাম্মদ মুইজ্জুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন পররাষ্ট্রমন্ত্রী। এসময় তিনি বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের শুভেচ্ছা প্রেসিডেন্ট মুইজ্জুর কাছে পৌঁছে দেন এবং গত ফেব্রুয়ারিতে নবনির্বাচিত বাংলাদেশ সরকারের দায়িত্ব গ্রহণ অনুষ্ঠানে অংশ নেওয়ার জন্য তাকে ধন্যবাদ জানান। একইসঙ্গে জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) সভাপতির পদে বাংলাদেশের প্রার্থিতায় সমর্থন দেওয়ায় প্রেসিডেন্ট মুইজ্জুর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি। বৈঠকে খলিলুর রহমান বলেন, বিএনপি নেতৃত্বাধীন সরকারের 'বাংলাদেশ ফার্স্ট' নীতির আলোকে পারস্পরিক সম্মান ও অভিন্ন স্বার্থের ভিত্তিতে বিশ্বের সব দেশের সঙ্গে দৃঢ় দ্বিপক্ষীয় সম্পর্ক বজায় রাখা সরকারের অন্যতম অগ্রাধিকার। দুই নেতা বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে বিদ্যমান উষ্ণ ও চমৎকার সম্পর্কের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। পাশাপাশি উভয় দেশের জনগণের স্বার্থে বাস্তবভিত্তিক সহযোগিতার মাধ্যমে দ্বিপক্ষীয় সম্পর্ক আরও শক্তিশালী করার বিষয়ে একমত হন। তারা সাম্প্রতিক আঞ্চলিক ও আন্তর্জাতিক পরিস্থিতি নিয়েও মতবিনিময় করেন এবং দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থাকে (সার্ক) পুনরুজ্জীবিত করার ওপর গুরুত্ব আরোপ করেন। বৈঠকে মালদ্বীপে কর্মরত বিপুলসংখ্যক বাংলাদেশি শ্রমিক ও পেশাজীবীদের অবদানের বিষয়ও উঠে আসে। পররাষ্ট্রমন্ত্রী এ বিষয়ে সন্তোষ প্রকাশ করলে প্রেসিডেন্ট মুইজ্জু মালদ্বীপের অর্থনীতিতে বাংলাদেশিদের গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি দেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## এসএসএফ-পিজিআর-পুলিশ প্রটেকশন পাবেন সাবেক রাষ্ট্রপতি : স্বরাষ্ট্রমন্ত্রী

সদ্য সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের নিরাপত্তার বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, প্রটেকশনের জন্য এসএসএফ, পিজিআরসহ ছয় মাসের একটা বিধান আছে। ছয় মাসের প্রটেকশনের সুযোগ তিনি পাবেন। এছাড়া পুলিশ ও অন্যান্য সংস্থার পক্ষ থেকে তার নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করা হবে। আইনানুগভাবে তিনি যা সুযোগ-সুবিধা সবই পাবেন। রোববার (২৬ জুলাই) দুপুরে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে 'পুলিশের সাহসিকতা ও প্রশংসনীয় কাজের স্বীকৃতিস্বরূপ পুরস্কার ও সম্মাননা প্রদান' অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। এনসিপি এবং জামায়াতের পক্ষ থেকে সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে গ্রেফতারের কথা বলা হচ্ছে। সেক্ষেত্রে তার ইনসিকিউরিটি আছে কি না? সাংবাদিকের এমন প্রশ্নে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সাবেক রাষ্ট্রপতি হিসেবে তিনি আইন অনুযায়ী যা সুযোগ পাবেন, সেটা অবশ্যই পাবেন। তার প্রটেকশনের জন্য এসএসএফ, পিজিআরসহ ছয় মাসের একটা বিধান আছে। ছয় মাসের প্রটেকশনের সুযোগ পাবেন। এছাড়া পুলিশ এবং আমাদের অন্যান্য সংস্থার পক্ষ থেকে তার নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করা হবে। আইনানুগভাবে তিনি যা সুযোগ-সুবিধা সবই পাবেন। বিরোধী পক্ষ সাবেক রাষ্ট্রপতির গ্রেফতার কেন চায় প্রশ্নে মন্ত্রী বলেন, বিরোধী পক্ষকে জিজ্ঞেস করেন, কেন চায়। এনসিপি নেতারা দীর্ঘদিন ধরে সাবেক রাষ্ট্রপতির গ্রেফতারের দাবিতে আন্দোলন করে আসছে। গত দু-দিন ধরে তারা জোরালোভাবে দাবি জানাচ্ছেন এবং তারা বিক্ষোভ মিছিল করছেন। সাবেক রাষ্ট্রপতিকে গ্রেফতারে আইনে সুযোগ আছে কি না জানতে চাইলে তিনি বলেন, রাষ্ট্রপতি পদত্যাগ করেছেন শারীরিক কারণে। তার পদত্যাগপত্রে বিস্তারিত উল্লেখ করেছেন। তিনি (স্পিকার) অ্যাক্সেপ্ট করেছেন। এখন অস্থায়ীভাবে রাষ্ট্রপতির দায়িত্বভার স্পিকার গ্রহণ করেছেন। এগুলো সবই আইনি কথা। তিনি বলেন, এখন যারা তার (সাবেক রাষ্ট্রপতি) বিরুদ্ধে বক্তব্য দিচ্ছে, তাদের সেটা অধিকার আছে। আমরা গণ-অভ্যুত্থানের পরবর্তী সময়ে কী প্রত্যাশা করি? রাজনৈতিকভাবে মানুষের কথা বলার স্বাধীনতা থাকবে, প্রতিবাদ করার স্বাধীনতা থাকবে। সেটা আছে বিভিন্ন রাজনৈতিক দল, বিরোধীদলের পক্ষ থেকে এনসিপি এবং অন্যান্যরা তার বিরুদ্ধে কিছু অভিযোগ উত্থাপন করছে। সেটা করতে পারে। কিন্তু আমরা আমলে নেওয়ার মতো কোনো বক্তব্য ওখানে নেই। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, রাষ্ট্রপতি তার দায়িত্ব পালনকালীন সময়ে স্বৈরাচারের শেষ দিকে, ইন্টেরিম গভর্মেন্টের পুরোটা এবং বর্তমান রাজনৈতিক সরকারের এই প্রায় ৫-৬ মাসের সময়ে তিনি সাংবিধানিকভাবে দায়িত্ব পালন করেছেন এবং বিধি-বিধান অনুযায়ী করেছেন। আমরা রাষ্ট্রপতির সহযোগিতা পেয়েছি। সেই সময়টায় সংবিধান অনুসারে তিনি (সাবেক রাষ্ট্রপতি) প্রিভিলেজড এবং ইমিউনিটি আছে তার, ফৌজদারি অপরাধ ইত্যাদি বিষয়ে কোনো আদালতে মামলা করা যায় না। এর বহির্ভূত কোনো সময়ে যদি কোনো বক্তব্য কেউ দিয়ে থাকে, সেটা তাদের স্বাধীনতা আছে, দিতে পারে। তবে আমরা আমলে নেওয়ার মতো কোনো বিষয় এখানে দেখিনি।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## ফটিকছড়ি উত্তর উপজেলায় হরতাল, চট্টগ্রাম-খাগড়াছড়ি সড়কে যান চলাচল বন্ধ

চট্টগ্রামের নবগঠিত ফটিকছড়ি উত্তর উপজেলার কার্যালয় যৌক্তিক স্থানে স্থাপনের দাবিতে টানা ৪৮ ঘণ্টার হরতাল চলছে। হরতালের প্রথম দিনে সড়ক অবরোধের কারণে ঢাকা-ফেনী-খাগড়াছড়ি (ফটিকছড়ি অংশ) আঞ্চলিক মহাসড়কে যান চলাচল বন্ধ। এতে চরম ভোগান্তিতে পড়েছেন যাত্রী ও পরিবহণ সংশ্লিষ্টরা। রোববার (২৬ জুলাই) সকাল থেকে ফটিকছড়ি উত্তর উপজেলা বাস্তবায়ন পরিষদের নেতাকর্মীরা বিভিন্ন স্থানে হরতালের সমর্থনে সড়ক অবরোধ ও বিক্ষোভ কর্মসূচি পালন করেন। সরেজমিনে দেখা যায়, নারায়ণহাট, দাঁতমারা, শান্তিরহাট, হেয়াঁকো, চিকনছড়া ও বাগানবাজার এলাকার অধিকাংশ দোকানপাট বন্ধ রয়েছে। তবে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দোকান, ফার্মেসি, ক্লিনিক এবং শিক্ষাপ্রতিষ্ঠান খোলা। হরতালের প্রভাবে ফেনী-খাগড়াছড়ি-ঢাকা আঞ্চলিক মহাসড়ক এবং পেলাগাজি

দিঘী-হেয়াঁকো সড়কে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। এতে বাস, ট্রাক, সিএনজিচালিত অটোরিকশাসহ বিভিন্ন যানবাহন সড়কে আটকা পড়ে এবং যাত্রীদের দুর্ভোগে পড়তে হয়। কর্মসূচিতে অংশ নেওয়া শাহাদাত হোসাইন বলেন, জালিয়াতির মাধ্যমে কার্যালয় ভুজপুর মৌজায় নিয়ে যাওয়া হয়েছে। উপজেলার নাম যখন ফটিকছড়ি উত্তর, তখন অফিসও উত্তরাঞ্চলে হতে হবে। জনগণের যৌক্তিক দাবি মেনে না নিলে আন্দোলন আরও কঠোর হবে। আরেক আন্দোলনকারী জসিম উদ্দিন বলেন, আমাদের সঙ্গে বৈষম্য করা হয়েছে। মাত্র কয়েক কিলোমিটারের ব্যবধানে দুটি উপজেলা সদর রাখার কোনো যৌক্তিকতা নেই। এতে নতুন উপজেলা গঠনের উদ্দেশ্যই ব্যাহত হবে। সাধারণ মানুষের সুবিধার কথা বিবেচনা করে দপ্তর স্থানান্তর করতে হবে। হরতালকে কেন্দ্র করে যাতে কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা না ঘটে, সে জন্য বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কের মোড়ে পুলিশের একাধিক টিম মোতায়েন করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## সরকারের পাঁচ মাসেই নানা কথা শুরু হয়েছে, সুযোগ হারানো যাবে না : মির্জা ফখরুল

সরকারের মাত্র পাঁচ মাসেই দেশে নানা ধরনের কথা শুরু হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, এসব থাকবেই, তবে পাওয়া সুযোগকে হেলায় হারানো যাবে না। এই সুযোগ কাজে লাগিয়ে দেশকে এগিয়ে নিতে হবে। রোববার (২৬ জুলাই) রাজধানীর শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে নবীন বরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। মির্জা ফখরুল বলেন, সরকারের মাত্র পাঁচ মাসেই দেশে অনেক ধরনের কথা শুরু হয়ে গেছে, এসব থাকবেই। আমরা যেন সুযোগকে হেলায় না হারাই। যে সুযোগ পাওয়া গেছে, তা কাজে লাগিয়ে দেশকে এগিয়ে নিতে হবে। তিনি বলেন, বিগত ১৭ বছরে দেশের অর্থনীতিকে একেবারে ধ্বংস করা হয়েছে, সব প্রতিষ্ঠান ধ্বংস করা হয়েছে। এখন সেগুলোর পুনর্গঠনের কাজ চলছে। স্থানীয় সরকারমন্ত্রী বলেন, দেশে প্রায় চার কোটি শিক্ষিত যুবক রয়েছে। সে অনুযায়ী কর্মসংস্থানের ব্যবস্থা নেই। তবে পরিবর্তন আনার কাজ চলছে, এতে সময় লাগবে। এখন কর্মমুখী শিক্ষায় মনোযোগ দিতে হবে। জ্বালানি সংকটের প্রসঙ্গ তুলে মির্জা ফখরুল বলেন, দেশে গ্যাস নেই, তেল নেই। জ্বালানির এই সংকট এখন উন্নয়নের পথে বড়ো বাধা হয়ে দাঁড়িয়েছে। এটি অনেক বড়ো সমস্যা। এদিকে ইরানে যুদ্ধ চলছে। তাই বিকল্প জ্বালানি আবিষ্কার করতে হবে এবং গ্রিন এনার্জির দিকে মনোযোগ দিতে হবে। বিএনপি মহাসচিব আরও বলেন, যে যেখানে আছেন, সবাই কাজ করে তারেক রহমানকে সহযোগিতা করতে হবে। দেশের পরিবর্তনে নিজেকে আগে পরিবর্তন করতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## বাস টার্মিনালে নাশকতার পরিকল্পনা, ছাত্রলীগ নেতাসহ গ্রেফতার ১২

চট্টগ্রাম নগরের চান্দগাঁও বাস টার্মিনাল এলাকায় নাশকতার পরিকল্পনার অভিযোগে দক্ষিণ জেলা ছাত্রলীগের সহ-সভাপতি মোরশেদুল আলম অভিসহ ১২ জনকে গ্রেফতার করেছে পুলিশ। গোপন সংবাদের ভিত্তিতে শনিবার (২৫ জুলাই) রাত ৯টার দিকে টার্মিনাল এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। পরে তাদের চান্দগাঁও থানায় হওয়া জুলাই মাসের সহিংসতার একটি মামলায় গ্রেফতার দেখানো হয়। মোরশেদুল আলম অভি পটিয়া উপজেলার হাইদগাঁও ইউনিয়নের খোরশেদুল আলমের ছেলে। পুলিশ জানায়, নাশকতার পরিকল্পনার তথ্যের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয়। অভিযানের খবর পেয়ে কয়েকজন ঘটনাস্থল থেকে পালিয়ে গেলেও, অভিসহ ১২ জনকে আটক করা সম্ভব হয়। পলাতকদের শনাক্ত করে আটকের চেষ্টা চলছে। পুলিশের তথ্যমতে, অভির বিরুদ্ধে পটিয়া থানায় সহিংসতার ঘটনায় দুটি মামলা রয়েছে। মামলাগুলোর তদন্ত চলমান। চান্দগাঁও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জসিম উদ্দিন বলেন, বাস টার্মিনাল এলাকায় নাশকতার পরিকল্পনার খবর পেয়ে অভিযান পরিচালনা করা হয়। অভিযানে অভিসহ ১২ জনকে গ্রেফতার করা হয়েছে। অন্যরা পালিয়ে গেলেও, তাদের শনাক্তের চেষ্টা চলছে। গ্রেফতারদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে। তিনি আরও জানান, গ্রেফতার ব্যক্তিদের আদালতে সোপর্দ করে পরবর্তী আইনগত কার্যক্রম গ্রহণ করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## ইসলামী ব্যাংকে শেয়ার কেলেঙ্কারি; সাহাবুদ্দিনের সংশ্লিষ্টতার অভিযোগ

ইসলামী ব্যাংকের শেয়ার জালিয়াতি, অর্থ আত্মসাৎ এবং এস আলম গ্রুপের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার ঘটনায় সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সংশ্লিষ্টতার অভিযোগ নতুন করে আলোচনায় এসেছে। হাইকোর্টে দাখিল করা তদন্ত প্রতিবেদনে জেএমসি বিল্ডার্সের মাধ্যমে ব্যাংকের শেয়ার নিয়ন্ত্রণ এবং এস আলম গ্রুপের স্বার্থ রক্ষায় তার ভূমিকার অভিযোগ উঠে এসেছে বলে দাবি করা হয়েছে। তদন্ত সংশ্লিষ্ট তথ্যে বলা হয়, ২০১৭ সালে সরকারের প্রত্যক্ষ মদতে এস আলম গ্রুপ ব্যাংক কোম্পানি আইনের একাধিক বিধান লঙ্ঘন করে ইসলামী ব্যাংকের প্রায় ৮২ শতাংশ শেয়ারের নিয়ন্ত্রণ নেয়। ওই সময় জেএমসি বিল্ডার্সের প্রতিনিধি হিসেবে মো. সাহাবুদ্দিনকে ব্যাংকের পরিচালনা পর্ষদে অন্তর্ভুক্ত করা হয়। পরে তিনি ব্যাংকটির ভাইস চেয়ারম্যানের দায়িত্বও পালন করেন। রাষ্ট্রপতি হওয়ার আগে তিনি ওই পদ থেকে সরে দাঁড়ান। ২০২৪ সালের ৫ আগস্টের রাজনৈতিক পটপরিবর্তনের পর হাইকোর্টের নির্দেশে ইসলামী ব্যাংকের শেয়ার কেলেঙ্কারির বিষয়ে তদন্ত শুরু করে বাংলাদেশ ব্যাংকের আর্থিক গোয়েন্দা সংস্থা (বিএফআইইউ)। দীর্ঘ তদন্ত শেষে সম্প্রতি আদালতে জমা দেওয়া প্রতিবেদনে ব্যাংকের শেয়ার জালিয়াতি, অর্থ আত্মসাৎ এবং এস আলম গ্রুপের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার

নানা তথ্য উঠে এসেছে বলে দাবি করা হয়েছে। প্রতিবেদনে বলা হয়, জেএমসি বিল্ডার্স ব্যাংক থেকে জালিয়াতির মাধ্যমে অর্থ বের করে সেই অর্থ দিয়েই পুনরায় ব্যাংকের শেয়ার কিনেছে। একইসঙ্গে পরিচালনা পর্ষদে থেকে এস আলম গ্রুপের বিভিন্ন প্রতিষ্ঠানের নামে হাজার হাজার কোটি টাকার ঋণ অনুমোদনের মাধ্যমে ব্যাংকটিকে আর্থিক সংকটে ফেলার অভিযোগও উত্থাপিত হয়েছে। এ বিষয়ে হাইকোর্টে প্রতিবেদন দাখিল করেছে দেশের আর্থিক গোয়েন্দা সংস্থা বাংলাদেশ ফাইন্যানশিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## সাবেক রাষ্ট্রপতি হামিদ-সাহাবুদ্দিনের বিরুদ্ধে ট্রাইব্যুনালে অভিযোগ

বিগত আওয়ামী লীগ সরকারের সময়ে মানবতাবিরোধী অপরাধের অভিযোগে সাবেক রাষ্ট্রপতি আবদুল হামিদ ও মো. সাহাবুদ্দিনের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউশনে অভিযোগ দায়ের করা হয়েছে। এছাড়া 'কালচারাল ফ্যাসিস্ট' নামে কয়েকজন অভিনেতা-অভিনেত্রীর বিরুদ্ধেও অভিযোগ করা হয়েছে। রোববার (২৬ জুলাই) পৃথকভাবে এসব অভিযোগ দায়ের করে বাংলাদেশ আজাদ পার্টি ও রাষ্ট্রসংলাপ ফোরাম। পরে এ সংক্রান্ত বিষয়ে জানতে চাইলে চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম সাংবাদিকদের বলেন, "অভিযোগগুলো তো আমি পড়ে দেখিনি। একটা দিয়েছে আজাদ পার্টি। আরেকটা দিয়েছে রাষ্ট্রসংলাপ ফোরাম।" তিনি বলেন, "অভিযোগ আমাদের কাছে আসলে আমরা সাধারণত তদন্ত সংস্থার কাছে পাঠিয়ে দেই। এ ক্ষেত্রেও আমার কাছে উপস্থাপিত হলে সেটা আমি তদন্ত সংস্থায় পাঠিয়ে দেব। এর বাইরে আমি কিছু জানি না।" রাষ্ট্রসংলাপ ফোরাম জানায়, সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের বিরুদ্ধে ২০২৪ সালের জুলাই গণ-অভ্যুত্থান সংশ্লিষ্ট অভিযোগ দাখিল করা হয়েছে। একইসঙ্গে সংগঠনের পক্ষ থেকে দাবি করা হয়েছে, জুলাই গণ-অভ্যুত্থান চলাকালে বা সংশ্লিষ্ট সময়ে বিভিন্ন ব্যক্তি ও সাংস্কৃতিক অঙ্গনের কয়েকজনের ভূমিকা আইনানুগভাবে তদন্ত করা হোক। ফেরদৌস আহমেদ, মেহের আফরোজ শাওন, রিয়াজ আহমেদ, অরুণা বিশ্বাস, আনিস আলমগীর, সোমা ইসলাম, মারিয়া কিসপট্টা, পিয়া জান্নাতুল, শান্তা ফারজানাসহ বেশ কয়েক জনের বিরুদ্ধে অভিযোগ আনেন তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## ২৫ দিনে রেমিট্যান্স এলো ২৮ হাজার ৪৭ কোটি টাকা

চলতি ২০২৬-২৭ অর্থবছরের ২৫ দিনে দেশে ২ দশমিক ২৯৯ বিলিয়ন মার্কিন ডলারের রেমিট্যান্স এসেছে। বাংলাদেশি মুদ্রায় প্রতি ডলার ১২২ টাকা হিসাবে যার পরিমাণ দাঁড়ায় ২৮ হাজার ৪৭ কোটি ৮০ লাখ টাকা। এসময়ে বৈধ পথে রেমিট্যান্স প্রবাহ বেড়েছে ২০ দশমিক ৬ শতাংশ, যা আগের অর্থবছরের একই সময়ের তুলনায় ৩৯ কোটি ২০ লাখ ডলার বেশি। বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদন অনুযায়ী, ১ থেকে ২৫ জুলাই পর্যন্ত দেশে মোট ২২৯ কোটি ৯০ লাখ (২ দশমিক ২৯৯ বিলিয়ন) মার্কিন ডলারের রেমিট্যান্স এসেছে। গত ২০২৫-২৬ অর্থবছরের একই সময়ে যার পরিমাণ ছিল ১৯০ কোটি ৭০ লাখ ডলার। কেন্দ্রীয় ব্যাংকের তথ্য বলছে, এর আগে চলতি মাসের প্রথম পাঁচদিনে এসেছিল ৫৬ কোটি ৭০ লাখ ডলার। মাসজুড়ে ধারাবাহিকভাবে রেমিট্যান্স প্রবাহ অব্যাহত থাকায় ২১ দিনের মাথায় মোট প্রবাসী আয় পৌঁছেছে ২০৯ কোটি ৫০ লাখ ডলারে আর সেটি ২৫ দিনে দাঁড়িয়েছে ২২৯ কোটি ৯০ লাখ ডলারে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## জ্বালানি সংকটের দ্রুত কোনো সমাধান নেই : বাণিজ্যমন্ত্রী

দেশের চলমান জ্বালানি সংকটের দ্রুত কোনো সমাধানের সম্ভাবনা নেই বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। তবে সরকার এ সমস্যা সমাধানে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে বলে মন্তব্য করেন তিনি। রোববার (২৬ জুলাই) সচিবালয়ে ২০২৬-২৭ অর্থবছরের রপ্তানি লক্ষ্যমাত্রা নির্ধারণবিষয়ক সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। জ্বালানি সংকট সংক্রান্ত এক প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী বলেন, বাস্তবতা তো বাস্তবতাই। দেশের মাটির নিচ থেকে যে গ্যাস পাওয়া যাচ্ছে, সেটি আর বাড়ানোর সুযোগ নেই। ৯০০ মিলিয়ন ঘনফুট এলএনজি আমদানি করা হচ্ছে। বর্তমানে দুটি এফএসআরইউ রয়েছে। এই দুটি এফএসআরইউ দিয়ে এর বেশি এলএনজি আমদানি করা সম্ভব নয়। ফলে রাতারাতি জ্বালানি পরিস্থিতির উন্নতি হওয়ার সম্ভাবনা নেই। মন্ত্রী জানান, মন্ত্রণালয় আরও দুটি এফএসআরইউ স্থাপনের পরিকল্পনা নিয়েছে। সরকার এ বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে। বাণিজ্য ও শিল্পমন্ত্রী বলেন, এটা সত্য যে, জ্বালানি সংকটের কারণে বাংলাদেশের শিল্প কারখানাগুলোর ইনস্টল ক্যাপাসিটির ৩০ শতাংশ ব্যবহার করা যাচ্ছে না। তবে রাতারাতি এর কোনো সলিউশন নেই। সরকার এই সমস্যা সমাধানের সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে। আরেক প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী বলেন, দেশের অভ্যন্তরে জ্বালানি ঘাটতিসহ অন্যান্য প্রতিবন্ধকতা সত্ত্বেও রপ্তানিতে ১৫ শতাংশ প্রবৃদ্ধি অর্জন সম্ভব। দেশে ব্যবসা সম্প্রসারণের বর্তমান সরকার নানা ধরনের উদ্যোগ নিয়েছে। আগামী ডিসেম্বরের মধ্যে ৫-৬টি দেশের সঙ্গে বাণিজ্য চুক্তি করা হবে। জাপানের সঙ্গে করা ইপিএ কবে থেকে কার্যকর হবে জানতে চাইলে বাণিজ্যমন্ত্রী বলেন, প্রত্যেকটি চুক্তি জাতীয় সংসদে উত্থাপন করতে হয়। জাতীয় সংসদের আগামী অধিবেশনে জাপানের সঙ্গে করা চুক্তিটি উপস্থাপন করা হবে। এরপর সেটি কার্যকর হবে। সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে বাণিজ্য সচিব মো. আতাউর রহমান খান এবং প্রধান প্রধান রপ্তানি খাতের সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## স্মৃতিসৌধের পরিদর্শন বইয়ে যা লিখলেন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি

ঢাকার সাভারের জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী বীর শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম। রোববার (২৬ জুলাই) শ্রদ্ধা নিবেদন শেষে স্মৃতিসৌধের পরিদর্শন বইয়ে (স্মারক বই) মন্তব্য লেখেন এবং তাতে সই করেন তিনি। পরিদর্শন বইয়ে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম হুবহু যা লিখেছেন- 'বিসমিল্লাহির রহমানির রাহিম। জাতীয় স্মৃতিসৌধে এসে মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করতে পেরে আমি নিজেকে ধন্য মনে করছি। তাদের সর্বোচ্চ ত্যাগ ও অসীম দেশপ্রেমের বিনিময়ে আমরা স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ লাভ করেছি। এই পবিত্র স্মৃতিসৌধ আমাদের জাতির গৌরব, আত্মত্যাগ, ঐক্য এবং দেশপ্রেমের চিরন্তন প্রতীক। আমি স্বাধীনতার ঘোষক শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানকে শ্রদ্ধার সাথে স্মরণ করছি। মহান মুক্তিযুদ্ধের চেতনা, সংবিধানের আদর্শ এবং আমাদের মহান শহিদদের আত্মত্যাগের মর্যাদা সমুন্নত রেখে একটি শান্তিপূর্ণ, সমৃদ্ধ, ন্যায়ভিত্তিক ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে আমরা সচেষ্টভাবে কাজ করবো- এই প্রত্যাশা ব্যক্ত করছি।' শেষে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি লিখেছেন, 'মহান আল্লাহ তাআলা আমাদের বীর শহিদদের আত্মাকে মাগফেরাত দান করুন। প্রিয় মাতৃভূমি বাংলাদেশের অব্যাহত শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ দান করুন। বাংলাদেশ জিন্দাবাদ।' (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## সোহরাওয়ার্দী উদ্যানে রাজিব শাহের গড়ে তোলা 'মসজিদ' উচ্ছেদ

রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে সরকারি জায়গা অবৈধভাবে দখল করে রাজিব শাহ্ নামের এক ব্যক্তির গড়ে তোলা কথিত একটি মসজিদ উচ্ছেদ করেছেন ভ্রাম্যমাণ আদালত। রোববার (২৬ জুলাই) বিকেল পৌনে ৪টার দিকে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে পরিচালিত এ অভিযানে নামাজের জন্য টানানো ত্রিপল খুলে ফেলা হয়। সেই সঙ্গে জব্দ করা হয় জায়নামাজসহ ধর্মীয় বইপত্র। পাশাপাশি স্থাপনাটির চৌহদ্দি তৈরিতে ব্যবহৃত ইটও বুলডোজারের মাধ্যমে সরিয়ে নেওয়া হয়। অভিযানকালে কোনো ধরনের বাধার মুখে পড়তে হয়নি। এসময় গণপূর্ত অধিদপ্তর, ডিএসসিসি ও ঢাকা বিশ্ববিদ্যালয় প্রক্টরিয়াল টিমের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। ডিএসসিসির জনসংযোগ কর্মকর্তা রাসেল রহমান জানান, সোহরাওয়ার্দী উদ্যানটি গণপূর্ত অধিদপ্তরের। তবে অভিযানে 'লজিস্টিক সাপোর্ট' দিয়ে সহায়তা করেছে ডিএসসিসি। অভিযান পরিচালনা করেন ডিএসসিসির নির্বাহী ম্যাজিস্ট্রেট আমিনুল ইসলাম। সোহরাওয়ার্দী উদ্যানে সরকারি জায়গা দখল করে এই কথিত মসজিদ নির্মাণের বিষয়টি গত কয়েকদিন ধরে গণমাধ্যমে আলোচনায় আসে। জাগো নিউজেও প্রতিবেদন প্রকাশিত হয়। অভিযোগ রয়েছে, রাজিব শাহ্ নামের এক গৃহহীন, ভবঘুরে ও হতদরিদ্র ব্যক্তি প্রথমে উদ্যানের ওই স্থানে ধান চাষ করেন। পরে কলাগাছ, ঢ্যাঁড়শ ও গাঁদাসহ বিভিন্ন ফুলের চারা রোপণ করেন। পরবর্তী সময়ে নামাজ আদায়ের নামে প্রথমে একটি-দুটি জায়নামাজ বিছিয়ে মুসল্লিদের জন্য স্থান তৈরি করা হয়। এরপর ধীরে ধীরে সেখানে কথিত মসজিদটি গড়ে তোলা হয়। একপর্যায়ে নিয়মিত ওয়াক্তের আজান এবং ইমামের মাধ্যমে জামাতে নামাজ আদায়েরও ব্যবস্থা করা হয়। সংশ্লিষ্টদের অভিযোগ, পরে উদ্যানে নাট্যশালা নির্মাণের জন্য সংরক্ষিত ইট এনে কথিত মসজিদটির চারপাশে চৌহদ্দি নির্মাণ করা হয়। ঘটনাটি অনেকের কাছে সৈয়দ ওয়ালীউল্লাহর কালজয়ী উপন্যাস লালসালুর মজিদ চরিত্রের কথা মনে করিয়ে দেয়। তবে রাজিব শাহ্ শুরু থেকেই দাবি করে আসছিলেন, উদ্যানে আগত মুসল্লিদের সাময়িকভাবে নামাজ আদায়ের সুবিধা করে দিতেই এ স্থান তৈরি করা হয়েছে। এর পেছনে সরকারি জমি দখল বা অন্য কোনো অসৎ উদ্দেশ্য নেই বলেও তিনি দাবি করেন। রোববারের উচ্ছেদ অভিযানের সময় রাজিব শাহ্ কিংবা তার অনুসারীদের কাউকেই ঘটনাস্থলে দেখা যায়নি। সোহরাওয়ার্দী উদ্যানের ভেতরে স্থায়ীভাবে নামাজ আদায়ের কোনো স্থান না থাকলেও অদূরেই ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ এবং তিন নেতার মাজারসংলগ্ন মসজিদে নামাজ পড়ার ব্যবস্থা রয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা ৬৩.৪ বিলিয়ন ডলার

চলতি ২০২৬-২৭ অর্থবছরের জন্য পণ্য ও সেবা রপ্তানি করে ৬৩.৪ বিলিয়ন ডলার বা ৬ হাজার ৩৪০ কোটি ডলার আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার। এ অর্থবছর গতবারের চেয়ে ১৫ শতাংশ প্রবৃদ্ধি ধরে লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। এর মধ্যে পণ্যখাতে ৫৫.২ বিলিয়ন ডলার বা ৫ হাজার ৫২০ কোটি ডলার ও সেবা খাতের রপ্তানি লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৮ দশমিক ২ বিলিয়ন ডলার বা ৮২০ কোটি ডলারের। রোববার (২৬ জুলাই) সচিবালয়ে বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির ২০২৬-২৭ অর্থ বছরের রপ্তানি লক্ষ্যমাত্রা নির্ধারণ বিষয়ক সভা শেষে সাংবাদিকদের এ তথ্য জানান। এদিকে গত অর্থবছরে রপ্তানিখাতে প্রত্যাশিত লক্ষ্য অর্জিত হয়নি। এরপরও রপ্তানি লক্ষ্যমাত্রা বৃদ্ধি প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী বলেন, নতুন সরকারের বিভিন্ন ব্যবসাবান্ধব উদ্যোগ, ব্যবসা পরিচালনার প্রক্রিয়া সহজীকরণ এবং একাধিক দেশের সঙ্গে মুক্ত বাণিজ্য চুক্তির (এফটিএ) আলোচনা এগিয়ে যাওয়ায় আগামী অর্থবছরে রপ্তানিতে উর্ধ্বমুখী প্রবণতা দেখা যাবে বলে আশাবাদী। তিনি বলেন, ২০২৫-২৬ অর্থবছরে পণ্য ও সেবা মিলিয়ে ৬৩.৫ বিলিয়ন ডলার রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। এর মধ্যে পণ্য রপ্তানি থেকে ৫৫ বিলিয়ন এবং সেবা রপ্তানি থেকে ৮ দশমিক ৫ বিলিয়ন ডলার আয়ের লক্ষ্য ছিল। তবে বছর শেষে মোট

রপ্তানি হয়েছে ৫৫ বিলিয়ন ডলার। এর মধ্যে পণ্য রপ্তানি ৪৮ বিলিয়ন এবং সেবা রপ্তানি ৭ বিলিয়ন ডলারে সীমাবদ্ধ থাকে। এখন আমরা ১৫ শতাংশ প্রবৃদ্ধি ধরে লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছি। আগের অর্থবছরের তুলনায় গত অর্থবছরের রপ্তানিতে উল্লেখযোগ্য পরিবর্তন হয়নি। কয়েক বছর ধরেই রপ্তানি খাতে এক ধরনের স্থবিরতা বা মন্দাভাব বিরাজ করছে। তবে আগামী অর্থবছরে সেই অচলাবস্থা কাটিয়ে ওঠা সম্ভব হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## পারিবারিক কলহ-মানসিক ক্ষোভ থেকে কাঁচি দিয়ে বাবা-মাকে হত্যা

চট্টগ্রামের আনোয়ারায় বাবা-মাকে কাঁচি দিয়ে হত্যার আলোচিত ঘটনার নেপথ্যে দীর্ঘদিনের পারিবারিক কলহ ও মানসিক ক্ষোভ কাজ করেছে বলে জানিয়েছে পুলিশ। এ ঘটনায় গ্রেফতার একমাত্র ছেলে রিমন দাশ গুপ্তের দেওয়া তথ্যের ভিত্তিতে হত্যাকাণ্ডে ব্যবহৃত কাঁচিটি উদ্ধার করা হয়েছে। রোববার (২৬ জুলাই) আনোয়ারা থানা পুলিশ সংবাদ সম্মেলনে এসব তথ্য জানায়। এর আগে, শনিবার (২৫ জুলাই) দুপুরে উপজেলার হাইলধর ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের পূর্ব গুজরা এলাকার চৈতন্য মহাজন বাড়িতে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। নিহতরা হলেন- স্বপন দাশ গুপ্ত (৬৫) ও তার স্ত্রী কল্পনা দাশ গুপ্ত (৫৫)। পুলিশ বলছে, প্রাথমিক তদন্তে জানা গেছে, পারিবারিক বিভিন্ন বিষয় নিয়ে দীর্ঘদিন ধরে বাবা-মায়ের সঙ্গে রিমনের বিরোধ চলছিল। ঘটনার দিন দুপুরে কথা কাটাকাটির একপর্যায়ে ঘরে থাকা একটি কাঁচি দিয়ে প্রথমে মা কল্পনা দাশ গুপ্তকে এলোপাতাড়ি আঘাত করেন। পরে মাকে বাঁচাতে এগিয়ে এলে বাবা স্বপন দাশ গুপ্তকেও একই কাঁচি দিয়ে গলা ও পেটে আঘাত করেন। পুলিশ জানায়, ঘটনাস্থলেই কল্পনা দাশ গুপ্ত মারা যান। গুরুতর আহত অবস্থায় স্বপন দাশ গুপ্তকে আনোয়ারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। ঘটনার পর অভিযুক্ত রিমন দাশ গুপ্ত নিজ কক্ষেই অবস্থান করছিলেন। পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাকে আটক করে। জিজ্ঞাসাবাদে তিনি হত্যাকাণ্ডের কথা স্বীকার করেছেন বলে দাবি পুলিশের। তার দেওয়া তথ্যের ভিত্তিতে হত্যায় ব্যবহৃত কাঁচিটিও উদ্ধার করা হয়েছে। আনোয়ারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জুনায়েত চৌধুরী বলেন, নিহত স্বপন দাশ গুপ্তের ভাই তপন দাশ গুপ্ত বাদী হয়ে থানায় হত্যা মামলা করেছেন। অভিযুক্তকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। মামলার তদন্ত চলছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## এনসিপি-সমর্থিত রিকশা-ভ্যান চালকদের সংগঠনের আত্মপ্রকাশ

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সহযোগী শ্রমিক সংগঠন জাতীয় শ্রমিক শক্তির নতুন ইউনিট জাতীয় রিকশা-ভ্যান চালক শক্তির আত্মপ্রকাশ হয়েছে। শুক্রবার (২৫ জুলাই) বিকেলে রাজধানীর বাংলামোটরের নেভি গলিতে আয়োজিত এক অনুষ্ঠানে সংগঠনটির কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হয়। এনসিপির সদস্য সচিব আখতার হোসেন এমপি কমিটি ঘোষণা করেন। এতে ফয়সাল আহমেদকে আহ্বায়ক এবং মুহাম্মদ ওবায়দুল ইসলামকে সদস্য সচিব করা হয়েছে। কমিটিতে ফরিদুল ইসলাম সিনিয়র যুগ্ম আহ্বায়ক এবং ওহিদুল ইসলাম ও মুহাম্মদ জয়নাল যুগ্ম আহ্বায়ক হয়েছেন। সুমন রহমান সালেহ সিনিয়র যুগ্ম সদস্য সচিব এবং মুহাম্মদ রাজু, সাকা নূর ও দিলরুবা বেগম যুগ্ম সদস্য সচিবের দায়িত্ব পেয়েছেন। জাতীয় শ্রমিক শক্তির কেন্দ্রীয় যুগ্ম আহ্বায়ক আহমেদ ইসহাক নতুন ইউনিটের তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। সংগঠনটির মুখ্য সংগঠক করা হয়েছে মুহাম্মদ হানিফ মিয়াকে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে মৃতের সংখ্যা বেড়ে ৭২৫, নিশ্চিত হামে মৃত্যু ৯৫

দেশে হামের উপসর্গ নিয়ে আরও চার শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে হামের উপসর্গে মোট মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭২৫ জনে। সেই সঙ্গে নিশ্চিত হামে ৯৫ জন মারা গেছে। রোববার (২৬ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে হাম-সংক্রান্ত পরিস্থিতি নিয়ে এক বার্তায় এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, শনিবার সকাল ৮টা থেকে রোববার সকাল ৮টার মধ্যে নিশ্চিত হামে কেউ মারা না গেলেও সন্দেহজনক হামে মারা গেছে চারজন। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হাম-সংক্রান্ত রোগে প্রাণহানির সংখ্যা দাঁড়িয়েছে ৮২০ জনে। এছাড়া, নতুন করে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ১৭০ জনের, যার ফলে এখন পর্যন্ত এমন রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১৫ হাজার ৪৪২ জন। একইসঙ্গে নতুন করে সন্দেহজনক হামের রোগী শনাক্ত হয়েছে ৯৯০ জন। এ নিয়ে এমন রোগীর সংখ্যা এখন পর্যন্ত পৌঁছেছে এক লাখ ২৩ হাজার ৭৫৩ জনে। প্রতিবেদনে বলা হয়, ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সন্দেহজনক হাম রোগ নিয়ে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা এক লাখ ছয় হাজার ২৩৯ জন। তাদের মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল ত্যাগ করেছে এক লাখ দুই হাজার ৪৬৭ জন। বিভাগভিত্তিক হিসাব অনুযায়ী, নিশ্চিত হামে সবচেয়ে বেশি ৫৯ রোগী মারা গেছে ঢাকায়। এছাড়া বরিশালে ১৯, চট্টগ্রামে ১০, সিলেটে তিন এবং ময়মনসিংহ ও রাজশাহীতে দু-জন করে মৃত্যুবরণ করেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ রিহাব)

## সরানো হলো মল্লিককে, ইসির নতুন জনসংযোগ পরিচালক মমিন সরকার

নির্বাচন কমিশনের (ইসি) জনসংযোগ কর্মকর্তা (পরিচালক) রুহুল আমিন মল্লিককে সরিয়ে দেওয়া হয়েছে। সংস্থাটির নতুন জনসংযোগ কর্মকর্তা (পরিচালক) হিসেবে নিয়োগ পেয়েছেন ইসির এনআইডি অনুবিভাগের উপসচিব মো. আব্দুল

মমিন সরকার। রোববার (২৬ জুলাই) ইসির সহকারী সচিব (মানবসম্পদ ব্যবস্থাপনা) মোহাম্মদ শাহিদুর রহমানের সই করা অফিস আদেশ থেকে এ তথ্য জানা যায়। এতে বলা হয়েছে, ইসির জাতীয় পরিচয়পত্র (এনআইডি) অনুবিভাগের উপ-সচিব মো. আব্দুল মমিন সরকারকে নির্বাচন কমিশনের জনসংযোগ পরিচালক (পিআর) হিসেবে বদলি করা হলো। একইসঙ্গে নির্বাচন কমিশনের জনসংযোগ কর্মকর্তা (পরিচালক) রুহুল আমিন মল্লিককে নির্বাচন কমিশন সচিবালয়ে উপ-সচিব হিসেবে বদলি করা হয়েছে। এর আগে, সাংবাদিকদের অসহযোগিতার অভিযোগ এনে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে নির্বাচন কমিশনের জ্যেষ্ঠ সচিবকে চিঠি দেয় রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন অ্যান্ড ডেমোক্রেসি (আরএফইডি)। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## মঙ্গলবার বঙ্গভবনে প্রথম অফিস করবেন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন

ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম আগামী মঙ্গলবার (২৮ জুলাই) বঙ্গভবনে প্রথম অফিস করবেন। এদিন দুপুর ১২টায় তিনি অফিসে যাবেন বলে রোববার (২৬ জুলাই) সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। শুক্রবার (২৪ জুলাই) রাষ্ট্রপতির পদ থেকে পদত্যাগ করেন মো. সাহাবুদ্দিন। সংবিধান অনুযায়ী পাঁচ বছরের জন্য তিনি নির্বাচিত হলেও তিন বছর তিন মাস দায়িত্ব পালন শেষে পদত্যাগ করেন। তার পদত্যাগের পর একই দিনে জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদকে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব দিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়। হাফিজ উদ্দিন আহমদ রোববার বেলা সাড়ে ১১টার দিকে সাভারের জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী বীর শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। পরে তিনি স্মৃতিসৌধের পরিদর্শন বইয়ে (স্মারক বই) মন্তব্য লেখেন এবং তাতে সই করেন। এসময় সশস্ত্র বাহিনীর প্রধানরাসহ উর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সেখান থেকে ফিরে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার কবরে শ্রদ্ধা নিবেদন করেন। তিনি দুপুর সাড়ে ১২টায় রাজধানীর জিয়া উদ্যানে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে এ শ্রদ্ধা জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## জুলাই আন্দোলনে হতাহতের ঘটনায় কার্যকর ব্যবস্থা নেননি তৎকালীন রাষ্ট্রপতি

২০২৪ সালের জুলাই গণ-অভ্যুত্থানের সময় প্রায় ১ হাজার ৪০০ মানুষ নিহত এবং হাজারো মানুষ আহত হয়েছেন। ওই সময় রাষ্ট্রের সর্বোচ্চ পদে থেকেও তৎকালীন রাষ্ট্রপতি কোনো কার্যকর ব্যবস্থা নেননি বলে অভিযোগ করেছেন বাংলাদেশ আজাদ পার্টির (বিএপি) সভাপতি ও সাবেক সেনা কর্মকর্তা হাসিনুর রহমান। তিনি বলেন, রাষ্ট্রপতি হিসেবে মো. সাহাবুদ্দিন চাইলে ওই সময় পদত্যাগ করতে পারতেন, কিন্তু তিনি তা করেননি। এ কারণে 'সুপিরিয়র কমান্ড রেসপনসিবিলিটি' বা উর্ধ্বতন কর্তৃপক্ষের দায়বদ্ধতার নীতিতে তার দায় রয়েছে বলে দাবি করেন তিনি। সাবেক দুই রাষ্ট্রপতির বিরুদ্ধে অভিযোগ দাখিল করার পর রোববার (২৬ জুলাই) সাংবাদিকদের এমন কথা বলেন বিএপি সভাপতি হাসিনুর রহমান। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## মোহাম্মদপুরে এসআইকে ছুরিকাঘাতের ঘটনায় গ্রেফতার ৪

রাজধানীর মোহাম্মদপুরে পুলিশের উপ-পরিদর্শক (এসআই) মো. ওসমান গনিকে ছুরিকাঘাতের ঘটনায় চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতাররা হলেন- শরীফ উদ্দিন বাবু (২১), নাজমুল হাসান (২৩), মো. ইমন (২৩) ও মো. জুয়েল (২২)। রোববার (২৬ জুলাই) বিকেলে ডিএমপির মোহাম্মদপুর জোনের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) জুয়েল রানা বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, চারজনকে আটক করে আমাদের হেফাজতে নিয়েছি। বিস্তারিত পরে জানানো হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## ২০ লাখ টাকা চাঁদা না পেয়ে ব্যবসায়ীর ভবনে ভাঙচুর-ককটেল বিস্ফোরণ

চট্টগ্রামে ২০ লাখ টাকা চাঁদা না পেয়ে এক ব্যবসায়ীর নির্মাণাধীন ১০ তলা ভবনে হামলা, ভাঙচুর ও ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। হামলায় দুই নির্মাণশ্রমিক আহত হয়েছেন। এসময় ভবনের নিরাপত্তাকর্মীসহ আরও কয়েকজন শ্রমিককে মারধরের অভিযোগ উঠেছে। রোববার (২৬ জুলাই) সকাল ৮টার দিকে চট্টগ্রাম সিটি করপোরেশনের ১ নম্বর দক্ষিণ পাহাড়তলী ওয়ার্ডের বড় দিঘিরপাড়-ভাটিয়ারী লিংক রোডসংলগ্ন একটি আবাসিক এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে মুখে মাস্ক পরা ৮ থেকে ১০ জন সশস্ত্র ব্যক্তি একটি টেম্পোযোগে এসে ব্যবসায়ী মোহাম্মদ জসিম উদ্দিনের নির্মাণাধীন ভবনে ঢুকে পড়ে। সেসময় ভবনটিতে শ্রমিকরা কাজ করছিলেন। হামলাকারীরা শ্রমিকদের মারধর করে ভবনের দরজা-জানালা ভাঙচুর চালায়। একপর্যায়ে নির্মাণশ্রমিক হাসান সাকিকে কিরিচ দিয়ে কুপিয়ে আহত করা হয়। যাওয়ার আগে তারা তিনটি ককটেলের বিস্ফোরণ ঘটিয়ে এলাকা ত্যাগ করে। চট্টগ্রাম জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (হাটহাজারী সার্কেল) কাজী মো. তারেক আজিজ বলেন, সিসিটিভি ফুটেজে হামলার দৃশ্য দেখা গেছে। জড়িতদের শনাক্ত করে গ্রেফতারের চেষ্টা চলছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## ২৫ মে পর্যন্ত সব দাপ্তরিক পত্রে 'নজরুল বর্ষ' লোগো ব্যবহারের নির্দেশ

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের আদর্শ, চেতনা ও সৃষ্টিকে জাতির কর্ম ও মননে সমুন্নত রাখার লক্ষ্যে আগামী বছরের (২০২৭ সাল) ২৫ মে পর্যন্ত সব দাপ্তরিক পত্রে 'নজরুল বর্ষ'-এর নির্ধারিত লোগো ব্যবহার করতে নির্দেশনা

দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। এ নির্দেশনা দিয়ে রোববার (২৬ জুলাই) সব মন্ত্রণালয় ও বিভাগের সিনিয়র সচিব ও সচিব, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক (ডিসি) এবং সব উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে চিঠি পাঠানো হয়েছে। চিঠিতে বলা হয়েছে, সরকার চলতি বছরের ২৫ মে থেকে আগামী বছরের ২৫ মে পর্যন্ত সময়কে 'নজরুল বর্ষ' হিসেবে ঘোষণা করেছে। এ উপলক্ষ্যে প্রধানমন্ত্রী গত ২ জুলাই 'নজরুল বর্ষ'-এর নির্ধারিত লোগো উন্মোচন করেন। এতে আরও বলা হয়, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের আদর্শ, চেতনা ও সৃষ্টিকে জাতির কর্ম ও মননে সমুন্নত রাখার প্রয়াসে এবং যথাযোগ্য মর্যাদায় 'নজরুল বর্ষ' উদ্যাপনের অংশ হিসেবে ২৫ মে ২০২৭ পর্যন্ত সব দাপ্তরিক পত্রে নির্ধারিত লোগো ব্যবহারের জন্য সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় অনুরোধ জানিয়েছে। সেই অনুরোধের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ এ নির্দেশনা জারি করেছে বলে চিঠিতে জানানো হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## এক কেজি রড ব্যবহার না করেও সাড়ে ৩ হাজার কোটি টাকা লুটপাট

পিরোজপুরে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) একটি প্রকল্পের কোনো কাজ না করেই সাড়ে তিন হাজার কোটি টাকা লুটপাট করা হয়েছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী অ্যাডভোকেট মো. আসাদুজ্জামান। রোববার (২৬ জুলাই) সকালে চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতি মিলনায়তনে নবীন আইনজীবীদের প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান। মন্ত্রী বলেন, গত ১৬ বছরে বাংলাদেশ থেকে নথিভুক্ত (ডকুমেন্টেড) উপায়ে ২৩৪ বিলিয়ন মার্কিন ডলার বিদেশে পাচার হয়েছে বলে বিশ্বখ্যাত টাইম ম্যাগাজিনের এক প্রতিবেদনে উঠে এসেছে। সেই হিসাবে প্রতি বছর গড়ে প্রায় ১৬ বিলিয়ন ডলার দেশ থেকে বাইরে চলে গেছে। আইনমন্ত্রী বলেন, বিগত সরকারের সময়ে দুর্নীতি প্রাতিষ্ঠানিক রূপ নিয়েছিল। উন্নয়ন প্রকল্পের নামে রাষ্ট্রীয় অর্থ লুটপাট করে বিদেশে পাচার করা হয়েছে। সেই অর্থ দিয়ে বিশ্বের বিভিন্ন দেশে সম্পত্তি কেনা ও ব্যাংকে বিনিয়োগ করা হয়েছে। কিন্তু দেশের মানুষ এর সুফল পায়নি। দুর্নীতির উদাহরণ তুলে ধরে তিনি বলেন, পিরোজপুরে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) সাড়ে তিন হাজার কোটি টাকার একটি প্রকল্প কাগজে-কলমে বাস্তবায়ন দেখানো হলেও বাস্তবে কোনো কাজ হয়নি। এক কেজি রড কিংবা ১০০ টাকার সিমেন্টও ব্যবহার না করেই পুরো অর্থ লুটপাট করা হয়েছে। মো. আসাদুজ্জামান আরও বলেন, এ ধরনের অসংখ্য প্রকল্পের অর্থ বিদেশে পাচার হয়ে বেগমপাড়াসহ বিশ্বের বিভিন্ন দেশে গেছে। এসব অর্থের প্রকৃত হিসাব আজও অজানা।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশ-মালদ্বীপ সম্পর্ক জোরদারে দুই পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক

পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান মালদ্বীপের রাজধানী মালেতে দেশটির পররাষ্ট্রমন্ত্রী ইরুথিশাম আদামের সঙ্গে একটি দ্বিপক্ষীয় বৈঠক করেছেন। রোববার (২৬ জুলাই) অনুষ্ঠিত এ বৈঠকে দুই পররাষ্ট্রমন্ত্রী অভিবাসন ও প্রবাসী কল্যাণ, পর্যটন, শিক্ষা, স্বাস্থ্য, সুনীল অর্থনীতি (ব্লু ইকোনমি) এবং সমুদ্রপথের সংযোগ বাড়ানোর মাধ্যমে বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদার করার উপায় নিয়ে আলোচনা করেন। এছাড়া তারা সম্ভাব্য উচ্চপর্যায়ের সফর এবং দ্বিপক্ষীয় বাণিজ্য ও যোগাযোগ সহজতর করার লক্ষ্যে সরাসরি সমুদ্রপথে জাহাজ চলাচল চালুর বিষয়েও মতবিনিময় করেন। ড. খলিলুর রহমান সরকারের 'বাংলাদেশ ফার্স্ট' (বাংলাদেশ প্রথম) পররাষ্ট্রনীতি পুনর্ব্যক্ত করেন এবং দুই বন্ধুভাবাপন্ন দেশের মধ্যে জনগণের সঙ্গে জনগণের সম্পর্ক গভীর করার ওপর গুরুত্বারোপ করেন। বৈঠকে অন্যদের মধ্যে মালদ্বীপের পররাষ্ট্র বিষয়ক প্রতিমন্ত্রী ড. মোহাম্মদ ফাহমি হাসান এবং মালদ্বীপে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার ড. মো. নাজমুল ইসলাম উপস্থিত ছিলেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মো. কামরুল ইসলাম ভুঁইয়া রোববার রাতে এ তথ্য জানান।(জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণার জন্য স্পিকারের কাছে সময় চাইবে ইসি

রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণার জন্য স্পিকারের কাছে সময় চাওয়া হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনের (ইসি) জ্যেষ্ঠ সচিব আখতার আহমদ। রোববার (২৬ জুলাই) নির্বাচন ভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। নিয়ম অনুযায়ী, রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণার আগে স্পিকারের সঙ্গে সাক্ষাৎ করেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি)। সেই মোতাবেক ভারপ্রাপ্ত স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন সিইসি এ এমএম নাসির উদ্দিন। রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণার বিষয়ে রোববার সিইসির কার্যালয়ে সব নির্বাচন কমিশনার ও ইসির জ্যেষ্ঠ সচিব অনির্ধারিত বৈঠক করেন। সেখানে রাষ্ট্রপতি নির্বাচনের আইন নিয়ে পর্যালোচনা করা হয়। এরপর সিদ্ধান্ত নেওয়া হয় তফসিল ঘোষণার পরবর্তী কার্যক্রম ঠিক করতে স্পিকারের সঙ্গে বৈঠক করা হবে। নিয়ম অনুযায়ী, সংসদ সদস্যদের ভোটে রাষ্ট্রপতি নির্বাচন হন। যার জন্য সংসদ সচিবালয় থেকে ভোটার তালিকা তথা সংসদ সদস্যদের নাম ইসি সচিবালয়ে পাঠানো হবে। যার ভিত্তিতে ইসি রাষ্ট্রপতি নির্বাচনের ভোটার তালিকা করবে। এরপর নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে। এসব বিষয়ে ভারপ্রাপ্ত স্পিকারের সঙ্গে সিইসি বৈঠক করবেন। রাষ্ট্রপতির পদ থেকে গত শুক্রবার বিকেলে মো. সাহাবুদ্দিন পদত্যাগ করেন। সংবিধানের ক্ষমতাবলে, ভারপ্রাপ্ত

রাষ্ট্রপতির দায়িত্ব নেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। রাষ্ট্রপতির পদত্যাগের ৯০ দিনের মধ্যে নতুন রাষ্ট্রপতি নির্বাচনের বাধ্যবাধকতা রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## এক বছরের বেশি সময় বন্ধ থাকার পর রাতে চালু বিমানের ঢাকা-নারিতা ফ্লাইট

দীর্ঘ এক বছরের বেশি সময় বন্ধ থাকার পর আজ রোববার (২৬ জুলাই) রাতে আবার চালু হচ্ছে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ঢাকা-নারিতা-ঢাকা রুটের সরাসরি ফ্লাইট। প্রাথমিকভাবে সপ্তাহে একটি ফ্লাইট পরিচালনা করবে বিমান। বিমানবন্দর সূত্র জানায়, রোববার রাত ১১টা ৪৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ঢাকা-নারিতা ফ্লাইটের উদ্বোধনী আয়োজন অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী এবং প্রতিমন্ত্রী উপস্থিত থাকবেন বলে জানা গেছে। উদ্বোধনের পর বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের উড়োজাহাজ জাপানের উদ্দেশ্যে যাত্রা করবে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স সূত্রে জানা গেছে, অপারেশনাল ও বাণিজ্যিক চ্যালেঞ্জের কারণ দেখিয়ে ২০২৫ সালের ১ জুলাই থেকে ঢাকা-নারিতা সরাসরি ফ্লাইট সাময়িকভাবে স্থগিত করা হয়। এর আগে দীর্ঘ ১৭ বছর বন্ধ থাকার পর ২০২৩ সালের সেপ্টেম্বরে এ রুটে আবার ফ্লাইট চালু করেছিল বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। রুটটি জাপানের সঙ্গে বাংলাদেশের একমাত্র সরাসরি বিমান যোগাযোগ। দুই দেশের মধ্যে বাণিজ্য, বিনিয়োগ, পর্যটন ও ব্যবসায়িক ভ্রমণ সহজ করতে রুটটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## নিয়ন্ত্রণ হারিয়ে হাসপাতাল প্রাঙ্গণে আছড়ে পড়লো বাস, প্রাণ গেল পথচারীর

একটি যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে রাজধানীর কুর্মিটোলা জেনারেল হাসপাতাল প্রাঙ্গণে ঢুকে যাওয়ার সময় ওই বাসের নিচে চাপা পড়ে এক পথচারী নিহত হয়েছেন। এতে আরও এক পথচারী আহত হন। রোববার (২৬ জুলাই) সন্ধ্যা সোয়া ৭টার দিকে এ দুর্ঘটনা ঘটে। ক্যান্টনমেন্ট থানার উপ-পরিদর্শক (এসআই) মশিউর রহমান বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, বাসের চালক অনেকবার হর্ন দিয়েছিলেন। এসময় পথচারীদের অনেকে সরে গেলেও একজন মোবাইল ফোনে ব্যস্ত থাকায় গাড়ির নিচে চাপা পড়েন। বাসটির ব্রেক ফেল করে নিয়ন্ত্রণ হারিয়েছিল। ঘাতক বাসটি জব্দ করা হয়েছে বলে জানান তিনি। পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, মিরপুর থেকে উত্তরাগামী পরিস্থান পরিবহণের একটি বাস ফ্লাইওভার থেকে নামার পর ব্রেক ফেল করে নিয়ন্ত্রণ হারায়। একপর্যায়ে চালক বাসটি কুর্মিটোলা জেনারেল হাসপাতালের গেট সংলগ্ন গ্যাসের কন্ট্রোল রুমে ধাক্কা দেয়। এসময় সড়কে দাঁড়িয়ে থাকা একজন পথচারী বাসটির নিচে চাপা পড়ে মারা যান। আরও এক পথচারী আহত হন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## লোকসানের অজুহাতে ভোজ্যতেলের দাম বাড়ানোর তোড়জোড়

দেশের বাজারে ভোজ্যতেলের দাম বাড়াতে চায় আমদানিকারক ও বাজারজাতকারী প্রতিষ্ঠানগুলো। প্রতি লিটারে ১০ টাকা বাড়াতে তারা প্রস্তাব দিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়ে। বিশ্ববাজারের সঙ্গে দাম সমন্বয়ের কারণ দেখিয়ে এ প্রস্তাব করেছে কোম্পানিগুলো। দাম না বাড়ালে টানা লোকসান দিয়ে এভাবে আমদানি করা সম্ভব হবে না বলে দাবি তাদের। তবে এ বিষয়ে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। গত ১১ জুলাই দাম বাড়ানোর বিষয়ে প্রথম প্রস্তাব দেয় প্রতিষ্ঠানগুলোর সংগঠন বাংলাদেশ ভেজিটেবল অয়েল রিফাইনার্স অ্যান্ড বনস্পতি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন। এরপর গত সপ্তাহে একদফা বৈঠকও হয়েছে বাণিজ্য মন্ত্রণালয়ে। তবে কোনো মীমাংসা ছাড়াই শেষ হয় বৈঠক। চলতি সপ্তাহে আবারও বৈঠক হবে। সেখানে দাম বাড়ানোর বিষয়ে সিদ্ধান্ত আসতে পারে বলে মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। ভোজ্যতেল আমদানিকারক ও বাজারজাতকারী প্রতিষ্ঠানগুলো বলছে, আন্তর্জাতিক বাজারে মূল্যবৃদ্ধি, পরিবহণ খরচ বেড়ে যাওয়াসহ নানান কারণে দাম বাড়িয়ে স্থানীয় বাজারে মূল্য সমন্বয় করা দরকার। বর্তমান দামে লোকসান করছেন তারা। এ অবস্থায় প্রতি লিটার বোতলজাত সয়াবিন তেলের দাম খুচরা বাজারে ১০ টাকা বাড়িয়ে ২০৯ টাকা করার প্রস্তাব দিয়েছেন ব্যবসায়ীরা। এছাড়া লিটারপ্রতি ১০ টাকা বাড়িয়ে ৫ লিটারের বোতল এক হাজার ১৫ টাকা এবং খোলা সয়াবিনের দাম লিটারে ১৮৮ টাকা নির্ধারণ করতে প্রস্তাব দিয়েছেন। একইভাবে খোলা পাম তেলের দামও বাড়িয়ে প্রতি লিটার ১৮৩ টাকা করার প্রস্তাব দেওয়া হয়েছে। তবে, আন্তর্জাতিক বাজারের সঙ্গে সঙ্গতি রেখে দাম কত হওয়া উচিত- বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের (বিটিটিসি) মাধ্যমে তা বিশ্লেষণে কাজ শুরু করেছে মন্ত্রণালয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## গ্যাস সংকটে শিল্প-কারখানায় উৎপাদনে ধস

গত কয়েকদিনে দেশে গ্যাস সংকট চরম আকার ধারণ করেছে। তীব্র গ্যাস সংকটে শিল্প-কারখানাগুলোতে উৎপাদন কার্যক্রম ব্যাহত হচ্ছে মারাত্মকভাবে। কোথাও অনুমোদিত লোড অনুযায়ী গ্যাসের চাপ না থাকায় উৎপাদন কমেছে, আবার কোথাও উৎপাদন নেমেছে মোট সক্ষমতার এক-চতুর্থাংশে। গ্যাস সংকটের কারণে দীর্ঘ সময় ধরে কারখানার বিভিন্ন মেশিন বন্ধ রাখতে হচ্ছে। এতে একদিকে উৎপাদন কমছে, অন্যদিকে বাড়ছে শিল্প মালিকদের আর্থিক ক্ষতি। সংশ্লিষ্টরা বলছেন, কারখানাগুলোতে অনুমোদিত লোড অনুযায়ী গ্যাস সরবরাহ করা হচ্ছে না। বিশেষ করে গ্যাসের চাপ কম থাকায় অনেক কারখানায় উৎপাদন যন্ত্রপাতি স্বাভাবিকভাবে চালানো সম্ভব হচ্ছে না। এতে উৎপাদন কার্যক্রম

ব্যাহত হওয়ার পাশাপাশি পণ্যের মানও নষ্ট হচ্ছে। কারখানা মালিকদের অভিযোগ, গ্যাস সংকটের কারণে দিনের পর দিন উৎপাদন কমলেও পরিস্থিতির স্থায়ী সমাধানে কার্যকর উদ্যোগ নেই। গ্যাস সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক করার দাবি জানিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, গ্যাস বিতরণ কোম্পানি ও সরকারের বিভিন্ন দপ্তরে একাধিকবার চিঠি দেওয়া হলেও কাটছে না সংকট। এর মধ্যে রোববার (২৬ জুলাই) সচিবালয়ে জ্বালানি সংকট সংক্রান্ত এক প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির সাংবাদিকদের বলেন, বাস্তবতা তো বাস্তবতাই। দেশের মাটির নিচ থেকে যে গ্যাস পাওয়া যাচ্ছে, সেটি আর বাড়ানোর সুযোগ নেই। ৯০০ মিলিয়ন ঘনফুট এলএনজি আমদানি করা হচ্ছে। বর্তমানে দুটি এফএসআরইউ রয়েছে। এই দুটি এফএসআরইউ দিয়ে এর বেশি এলএনজি আমদানি করা সম্ভব নয়। ফলে রাতারাতি জ্বালানি পরিস্থিতির উন্নতি হওয়ার সম্ভাবনা নেই। শিল্প মালিকরা বলছেন, কোনো কোনো সময় গ্যাসের চাপ এতটাই কমে যায় যে, কারখানার মেশিন চালু রাখা সম্ভব হয় না। ফলে মেশিন চালু ও বন্ধ করতে গিয়ে উৎপাদন প্রক্রিয়ায় বিঘ্ন ঘটছে। অনেক কারখানায় দিনের বড়ো একটি সময় মেশিন বন্ধ রাখতে হচ্ছে। তাদের মতে, গ্যাস সংকট দীর্ঘায়িত হলে শিল্প উৎপাদন আরও কমে যেতে পারে। এর প্রভাব পড়বে বিনিয়োগ, কর্মসংস্থান, রপ্তানি ও সামগ্রিক অর্থনীতিতে। এরই মধ্যে অনেক কারখানা উৎপাদন কমিয়ে আনতে বাধ্য হয়েছে। কেউ কেউ শিফট কমিয়ে দিয়েছে, আবার কোথাও মেশিন ও উৎপাদন লাইন দীর্ঘ সময় বন্ধ রাখা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

## ডেঙ্গু; জুলাইয়ের ২৬ দিনেই জুনের দ্বিগুণ মৃত্যু, অর্ধেক ঢাকায়

২৪ জুলাই, শুক্রবার। সাপ্তাহিক ছুটির দিনের শেষ বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনের বিপরীতে এবং কলাভবন ও রেজিস্ট্রার ভবনের মাঝামাঝি সবুজ ঘাস এবং গাছগাছালিতে ঘেরা পথটি ছিল সবার পদচারণায় মুখর। অনেকেই স্ত্রী-সন্তান নিয়ে এসেছেন ঘুরতে। কিছুদূর এগোতেই চোখে পড়ে একটি গোলচত্বর। সেখানে আড্ডা দিচ্ছিলেন অনেকে। গোলচত্বরের সামনেই জমে আছে বৃষ্টির পানি। হঠাৎ এক নারী স্বামীকে উদ্দেশ্য করে উদ্বিগ্ন কণ্ঠে বললেন, 'এ পানিতে ডেঙ্গুর মশা নেই তো?' তার এ কথায় আশপাশে থাকা অন্যরাও যেন নড়েচড়ে বসলেন। প্রশ্নটি নিছক উদ্বেগের বহিঃপ্রকাশ হলেও বিশেষজ্ঞরা বলছেন, এ ধরনের জমে থাকা স্বচ্ছ পানিই এডিস মশার প্রজননের অন্যতম আদর্শ স্থান। বর্ষাকালের আষাঢ় ও শ্রাবণজুড়ে রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে থেমে থেমে বৃষ্টি হচ্ছে। ফলে বিভিন্ন জায়গায় জমে থাকা পানিতে তৈরি হচ্ছে এডিস মশার প্রজননক্ষেত্র। এরই প্রভাব পড়ছে ডেঙ্গু পরিস্থিতিতে। স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ পরিসংখ্যান বলছে, আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা দুই-ই দ্রুত বাড়ছে। চলতি (জুলাই) মাস শেষ হতে এখনো ৫ দিন বাকি থাকলেও রোববার (২৬ জুলাই) পর্যন্ত এই মাসেই ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ৬ হাজার ৯৯৪ জন। অথচ জুন মাসে আক্রান্ত ছিল ২ হাজার ৯০৭ জন। অর্থাৎ এক মাসের ব্যবধানে আক্রান্তের সংখ্যা দ্বিগুণেরও বেশি হয়েছে। মৃত্যুর চিত্র আরও উদ্বেগজনক। জুন মাসে ডেঙ্গুতে মারা গেছে ১৩ জন। জুলাইয়ের ২৬ দিনেই মৃত্যু বেড়ে দাঁড়িয়েছে ২৫ জনে। চলতি বছরের ১ জানুয়ারি থেকে ২৬ জুলাই পর্যন্ত ডেঙ্গুতে মোট মারা গেছে ৪৩ জন। এর মধ্যে জানুয়ারি থেকে মে পর্যন্ত পাঁচ মাসে মৃত্যু হয়েছিল মাত্র পাঁচজনের (জানুয়ারিতে দুই, ফেব্রুয়ারিতে দুই এবং মে মাসে একজন)। অর্থাৎ জুন ও জুলাই- মাত্র দুই মাসেই মারা গেছে ৩৮ জন। জানুয়ারিতে আক্রান্ত ছিল ১ হাজার ৮১ জন এবং মৃত্যু হয়েছিল মাত্র দু-জনের। সেই তুলনায় জুলাইয়ে এক মাসে মৃত্যুর সংখ্যা বেড়ে ১২ গুণেরও বেশি হয়েছে, আর আক্রান্তও বেড়েছে ছয় গুণের বেশি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৭.২০২৬ রুবাইয়া)

# রেডিও টুডে

## পদোন্নতিতে রাজনৈতিক বিবেচনার সুযোগ নেই : প্রধানমন্ত্রী

সেনা সদস্যদের পদোন্নতির ক্ষেত্রে রাজনৈতিক মতাদর্শ বা ব্যক্তিগত পছন্দ-অপছন্দের ঊর্ধ্বে থেকে পেশাগত দক্ষতা, নেতৃত্ব, সততা ও যোগ্যতার ভিত্তিতে মূল্যায়নের নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার রাজধানীর সেনাবাহিনী সদর দপ্তরে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে 'সেনাসদর নির্বাচনি পর্ষদ-২০২৬'। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পর্ষদের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। প্রথম পর্বের এই পদোন্নতি পর্ষদে বাংলাদেশ সেনাবাহিনীর কর্নেল থেকে ব্রিগেডিয়ার জেনারেল এবং লেফটেন্যান্ট কর্নেল থেকে কর্নেল পদে পদোন্নতির জন্য যোগ্য কর্মকর্তাদের বিবেচনা করা হবে। উদ্বোধনী বক্তব্যে প্রধানমন্ত্রী মহান স্বাধীনতার ঘোষক, বীর মুক্তিযোদ্ধা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া, মহান মুক্তিযুদ্ধের শহিদ, যুদ্ধাহত ও বীর মুক্তিযোদ্ধাদের পাশাপাশি পার্বত্য চট্টগ্রামে দায়িত্ব পালনকালে আহত ও শহিদ সেনাসদস্যদের শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। তিনি নির্বাচনি পর্ষদের সদস্যদের উদ্দেশ্যে বলেন, পদোন্নতির ক্ষেত্রে রাজনৈতিক মতাদর্শ বা ব্যক্তিগত পছন্দ-অপছন্দের ঊর্ধ্বে থেকে কর্মকর্তাদের পেশাগত দক্ষতা, নেতৃত্বের গুণাবলি, শৃঙ্খলা, সততা, বিশ্বস্ততা, আনুগত্য এবং দায়িত্ব পালনের উপযুক্ততাকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। প্রধানমন্ত্রী বলেন, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার পাশাপাশি অভ্যন্তরীণ শান্তি-শৃঙ্খলা, স্থিতিশীলতা এবং দুর্যোগ মোকাবিলায় বেসামরিক প্রশাসনকে সহায়তা দিয়ে বাংলাদেশ সেনাবাহিনী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। এ অবদানের জন্য তিনি সেনাপ্রধানসহ সেনাবাহিনীর সব সদস্যকে

আন্তরিক ধন্যবাদ জানান। অনুষ্ঠানস্থলে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান সেনাবাহিনী প্রধান ও চিফ অব জেনারেল স্টাফ। অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. একেএম শামছুল ইসলাম এবং ঊর্ধ্বতন সামরিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রী উপস্থিত কর্মকর্তাদের সঙ্গে ফটোসেশনে অংশ নেন এবং পরিদর্শন বইয়ে মন্তব্য লিপিবদ্ধ করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ আসাদ)

## ইয়ামিন হত্যা, ১৯ আসামির বিরুদ্ধে অভিযোগ আমলে নিয়েছেন ট্রাইব্যুনাল

চব্বিশের জুলাই গণ-অভ্যুত্থান চলাকালীন সাভারে এপিসি থেকে ফেলে দেওয়া আশহাবুল ইয়ামিন হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক এমপি সাইফুল ইসলামসহ ১৯ আসামির বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ আমলে নিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। আনুষ্ঠানিক অভিযোগ দাখিলের পর প্রসিকিউশনের আবেদনের শুনানি শেষে আজ বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এই আদেশ দেন। সেই সাথে এই মামলার ১৩ আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করার পাশাপাশি অন্য মামলায় গ্রেফতার থাকা ৬ আসামিকে আগামী ২৫ আগস্ট হাজিরের নির্দেশ দেওয়া হয়। এই মামলার আসামিরা হলেন- ঢাকা জেলার সাবেক অতিরিক্ত পুলিশ সুপার মো. আব্দুল্লাহিল কাফী, ঢাকা-১৬ আসনের সাবেক সংসদ সদস্য সাইফুল ইসলাম, ঢাকা রেঞ্জের সাবেক ডিআইজি সৈয়দ নুরুল ইসলাম, সাবেক পুলিশ সুপার আসাদুজ্জামান রিপন, সাবেক অতিরিক্ত পুলিশ সুপার মো. শাহিদুল ইসলাম, সাভার থানার সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহজামান, আশুলিয়া থানার সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা এএফএম সায়েদ, এএসআই মোহাম্মদ আলী, নায়েক সুহেল মিয়া, কনস্টেবল মাহফুজ মিয়া, সাভার উপজেলা সাবেক চেয়ারম্যান মঞ্জুরুল আলম রাজিব, মো. আতিকুর রহমান, ফখরুল আলম সমর, মেহেদী হাসান তুষার, রাজু আহম্মেদ, মো. ফরিদ, জামান খান, মিজানুর রহমান জিএস মিজান ও শরীফ আশরাফুল আলম বাবুল। ট্রাইব্যুনালে আজ প্রসিকিউশনের পক্ষে শুনানিতে ছিলেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম ও প্রসিকিউটর গাজী এমএইচ তামিম। ২০২৪ সালের ১৮ জুলাই সাভারে ছাত্র-জনতার আন্দোলনে এমআইএসটির শিক্ষার্থী আশহাবুল ইয়ামিন নিহত হন। ওই সময় পুলিশের একটি সাঁজোয়া যানের ওপর থেকে তাকে টেনে নিচে ফেলে দেওয়ার নির্মম ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। ইয়ামিন রাজধানীর মিরপুরের মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী ছিলেন। ইয়ামিনের বাসা ছিল সাভারের ব্যাংক টাউন আবাসিক এলাকায়। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ আসাদ)

## বেনাপোল-পেট্রাপোল বন্দর দিয়ে পণ্য আমদানি বন্ধ

কারপাস ইস্যু নিয়ে জটিলতার কারণে বেনাপোল-পেট্রাপোল স্থলবন্দর দিয়ে ভারত থেকে বাংলাদেশে পণ্য আমদানি বন্ধ হয়ে গেছে। গতকাল শনিবার সকাল থেকে বেনাপোল সিঅ্যান্ডএফ এজেন্ট স্টাফ অ্যাসোসিয়েশনের সদস্যরা কারপাস ইস্যু বন্ধ রাখায় এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। বেনাপোল চেকপোস্ট কাস্টমস কার্গো শাখার রাজস্ব কর্মকর্তা শফিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। বেনাপোল সিঅ্যান্ডএফ এজেন্ট স্টাফ অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক বদরুজ্জামান বনি জানান, এতদিন সিঅ্যান্ডএফ কর্মীরা ভারত থেকে আসা পণ্যবাহী ট্রাকের কারপাস দিয়ে গ্রহণ করলেও, কোনো অবৈধ মালামালের দায়ভার নিতেন না। তবে সম্প্রতি কাস্টমস কর্তৃপক্ষ নতুন নির্দেশনা দিয়ে জানিয়েছে, সংশ্লিষ্ট সিঅ্যান্ডএফ এজেন্টের কর্মীদের দায়িত্ব নিয়েই ট্রাক গ্রহণ করতে হবে এবং ট্রাকে অবৈধ পণ্য পাওয়া গেলে তার দায়ও বহন করতে হবে। তিনি বলেন, এ ধরনের দায়ভার নেওয়া সম্ভব নয়। তাই দায়মুক্তির নিশ্চয়তা না পাওয়া পর্যন্ত সিঅ্যান্ডএফ এজেন্টদের পক্ষ থেকে কারপাস ইস্যু বন্ধ রাখা হয়েছে, যার ফলে আমদানি কার্যক্রমও স্থবির হয়ে পড়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ আসাদ)

## বিএনপির সাথে নেগোসিয়েশন হয়েছে, চুপ্পুকে সেইফ এক্সিট দিতে চায় : আখতার হোসেন

সদ্য বিদায়ি রাষ্ট্রপতি সাহাবুদ্দিন চুপ্পুর সঙ্গে বিএনপির একটি নেগোসিয়েশন হয়েছে, তারা চুপ্পুকে সেইফ এক্সিট দিতে চায়- এমন দাবি করেছেন জাতীয় নাগরিক পার্টির সদস্যসচিব আখতার হোসেন। রোববার দুপুরে কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে বর্ষা বিপ্লবের স্মৃতিচারণ শীর্ষক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ দাবি করেন তিনি। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে আখতার হোসেন বলেন, "অনেকেই বলছেন, সংবিধানের ৫১ অনুচ্ছেদ অনুযায়ী সাবেক প্রেসিডেন্ট চুপ্পুর বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া যাবে না। কিন্তু এটি ভুল কনসেপ্ট। যতদিন তিনি রাষ্ট্রপতি ছিলেন, ততদিন ৫১ অনুচ্ছেদ তার রক্ষাকবচ হিসেবে কাজ করেছে। কিন্তু এখন তিনি রাষ্ট্রপতি নন, তাই তাকে আইনের আওতায় আনতে হবে।" তিনি বলেন, "এরশাদ রাষ্ট্রপতি পদ থেকে পদত্যাগ করা মাত্র ছয়দিন পর তাকে জেলে নেওয়া হয়েছিল।" অপর এক প্রশ্নের জবাবে এনসিপির এ নেতা বলেন, "বিএনপি ক্ষমতায় এসে গণভোটের রায় মানছে না। গণভোটের রায় অনুযায়ী সংবিধান সংস্কার পরিষদের শপথ নেওয়ার কথা ছিল বিএনপির সংসদ সদস্যদের। কিন্তু তারা সেটি না করে গণভোটের বিরুদ্ধে অবস্থান নিয়েছে। যদি বিএনপি এই রায় কার্যকর না করে, তাহলে জনগণ সিদ্ধান্ত নেবে। আমরা জনগণকে সঙ্গে নিয়ে এ রায় কার্যকর করবো।"
(রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ আসাদ)

## বাংলাদেশ ব্যাংক ও মুদ্রানীতি নিয়ে সংসদীয় স্থায়ী কমিটির প্রথম বৈঠক

ত্রয়োদশ জাতীয় সংসদের অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির প্রথম বৈঠকে বাংলাদেশ ব্যাংকের কার্যক্রম ও দেশের মুদ্রানীতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। বৈঠকে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে দেশের কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা, মুদ্রানীতির লক্ষ্য, বাস্তবায়ন কৌশল ও সামগ্রিক অর্থনৈতিক পরিস্থিতি তুলে ধরে একটি বিস্তারিত প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। কমিটির সভাপতি মুশফিকুর রহমান এমপির সভাপতিত্বে আজ জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত বৈঠকে বাংলাদেশ ব্যাংকের উপস্থাপনার পর কমিটির সদস্যরা বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন এবং দেশের আর্থিক খাতের স্থিতিশীলতা, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, বিনিয়োগ পরিবেশ, ব্যাংকিং খাতের চ্যালেঞ্জ ও মুদ্রানীতির কার্যকারিতা নিয়ে মতামত দেন। বৈঠকে কমিটির সদস্য ও অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, চিফ হুইপ মো. নূরুল ইসলাম, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম, মো. জালাল উদ্দিন, মঈনুল ইসলাম খান, মো. শাহাদাত হোসেন, মো. সাইফুল আলম, সৈয়দ জয়নুল আবেদীন ও মো. আবুল হাসনাত বৈঠকে অংশগ্রহণ করেন। এছাড়া বৈঠকে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব, জাতীয় রাজস্ব বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তা এবং জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকে দেশের আর্থিক খাতের সার্বিক পরিস্থিতি, বাংলাদেশ ব্যাংকের নীতিগত কার্যক্রম ও অর্থনীতির বিভিন্ন সূচক নিয়ে সদস্যরা মতবিনিময় করেন এবং ভবিষ্যতে এ ধরনের বিষয়ভিত্তিক উপস্থাপনা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ আসাদ)

## ক্রীড়াকে পেশায় প্রতিষ্ঠা করতে জাতীয় শিক্ষা কারিকুলামে অন্তর্ভুক্ত করা হচ্ছে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, একটি সুস্থ, মেধাবী, সুশৃঙ্খল ও আত্মবিশ্বাসী প্রজন্ম গড়ে তোলা সরকারের প্রধান অগ্রাধিকার। এ লক্ষ্য বাস্তবায়নে ক্রীড়াকে কেবল শরীরচর্চা বা বিনোদনের মাধ্যম নয়, বরং একটি সম্ভাবনাময় পেশা হিসেবে প্রতিষ্ঠিত করতে জাতীয় শিক্ষা কারিকুলামে ক্রীড়া অন্তর্ভুক্ত করা হচ্ছে। রোববার সন্ধ্যা ৬টার দিকে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক স্ট্যাটাসে তিনি এসব কথা বলেন। স্ট্যাটাসে প্রধানমন্ত্রী বলেন, শিক্ষা, ক্রীড়া, সংস্কৃতি ও প্রযুক্তির সমন্বিত বিকাশই বাংলাদেশের বর্তমান ও ভবিষ্যৎ উন্নয়নের ভিত্তি। সরকার ক্রীড়াকে মানবসম্পদ উন্নয়ন, জাতীয় ঐক্য এবং আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের মর্যাদা বৃদ্ধির অন্যতম শক্তিশালী মাধ্যম হিসেবে বিবেচনা করছে। তিনি জানান, তৃণমূল পর্যায় থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে আন্তর্জাতিক মানের ক্রীড়াবিদ গড়ে তুলতে সরকার ধারাবাহিক কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই অংশ হিসেবে 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২০২৬' কর্মসূচি দেশব্যাপী পরিচালিত হচ্ছে। আগামী ২৭ জুলাই বাংলাদেশ আর্মি স্টেডিয়ামে এ আয়োজনের প্রথম আসরের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। তারেক রহমান বলেন, খেলাধুলা শিশু-কিশোরদের শারীরিক ও মানসিক বিকাশের পাশাপাশি শৃঙ্খলা, নেতৃত্ব, অধ্যবসায়, পারস্পরিক শ্রদ্ধাবোধ, সহিষ্ণুতা ও দেশপ্রেমের শিক্ষা দেয়। তাই দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে ১০ থেকে ১৪ বছর বয়সী শিশু-কিশোরদের ক্রীড়া প্রতিভা অন্বেষণ ও বিকাশে 'নতুন কুঁড়ি স্পোর্টস' একটি কার্যকর জাতীয় প্ল্যাটফর্ম হিসেবে গড়ে উঠছে (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ আসাদ)

## অর্থনৈতিক কূটনীতিতে জোর দিচ্ছে সরকার : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

ট্রিলিয়ন ডলারের অর্থনীতির লক্ষ্য পূরণে কাজ করছে বর্তমান বিএনপি নেতৃত্বাধীন সরকার বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। তিনি বলেন, "ট্রিলিয়ন ডলারের বাস্তবায়নে যে-সব বিনিয়োগ দরকার, সেটা দেশে আনতে কাজ করছি। ফ্যাসিবাদী আমলে অর্থনীতি ধ্বংস হয়ে গিয়েছিল। সেখান থেকে পুনরুদ্ধার করা হচ্ছে। অর্থনৈতিক কূটনীতিতে জোর দিচ্ছে সরকার।' রবিবার বিকেলে নিজ কার্যালয়ে সাংবাদিকদের এসব তথ্য জানান প্রতিমন্ত্রী। শামা ওবায়েদ বলেন, বিএনপি ক্ষমতায় আসার পর একটি ভঙ্গুর অর্থনীতি পেয়েছে। এখন সরকার অর্থনীতিকে শক্তিশালী করতে বিদেশি বিনিয়োগ জোরদারের চেষ্টা করছে। তিনি বলেন, ব্লু ইকোনমিতে ইউরোপের দেশগুলো বিনিয়োগ করতে চায়। এ বিষয়ে আলোচনা হচ্ছে। দিনক্ষণ, চাঁদ দেখে বিনিয়োগ হবে না, বিনিয়োগ প্রক্রিয়া চলছে। জ্বালানি, ব্লু ইকোনমিক, পোশাকসহ বেশ কিছু খাতে বিনিয়োগ চায় বাংলাদেশ, পশ্চিমাদেরও আগ্রহ আছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ আসাদ)

## আওয়ামী লীগকে পুনর্বাসনের চেষ্টা করলে পরিণতি আরও খারাপ হবে : সারজিস আলম

জাতীয় নাগরিক পার্টির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম বলেছেন, যারা অপরাধী এবং নিষিদ্ধ সংগঠন আওয়ামী লীগকে পুনর্বাসনের চেষ্টা করবে, তাদের পরিণতি আওয়ামী লীগের চেয়েও খারাপ হবে। রোববার বিকেলে ময়মনসিংহের তারাকান্দা উপজেলায় এনসিপির 'জুলাই পদযাত্রা' উপলক্ষ্যে আয়োজিত পথসভায় তিনি এ কথা বলেন। পথসভায় সারজিস আলম অভিযোগ করে বলেন, আওয়ামী লীগ সরকারের সময়ে আলেম-ওলামাদের বিরুদ্ধে মিথ্যা মামলা, গুম, হত্যা এবং 'জঙ্গি' তকমা দিয়ে হয়রানি করা হয়েছে। তিনি দাবি করেন, ভারত ও ভারতের গোয়েন্দা সংস্থা 'র'-এর সহযোগিতায় আওয়ামী লীগ এসব কাজ করেছে। এখন আবার আলেম সমাজকে উগ্রবাদ ও জঙ্গিবাদের সঙ্গে যুক্ত করার চেষ্টা চলছে বলেও অভিযোগ করেন তিনি। তার ভাষ্য, কোনো রাজনৈতিক দল আলেমদের এভাবে 'ট্যাগিং' করার চেষ্টা করলে জনগণকে তার বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে দাঁড়াতে হবে। গতকাল কক্সবাজারে ছাত্রলীগের কর্মসূচির প্রসঙ্গ টেনে সারজিস আলম বলেন, আমরা দেখলাম, এই রক্তোত্থানের পরে গতকালকে কক্সবাজার জেলায়

ওপেনলি ছাত্রলীগের সবচেয়ে বড়ো মিটিং হয়েছে। আমরা মনে করি. স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদের ইচ্ছা ছাড়া, আশ্রয় ছাড়া, পুলিশ এবং প্রশাসনের সহযোগিতা ছাড়া, বিএনপির মদত ছাড়া ছাত্রলীগের এই ধরনের মিটিং কোনোদিন সম্ভব না। বিএনপি এবং সালাহউদ্দিন এখন নতুন প্রক্রিয়া হাতে নিয়েছে। তারা যখন দেখছে, বাংলাদেশের ধর্মভিত্তিক রাজনৈতিক দলগুলো রাজনীতিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করছে। এনসিপির মতো জুলাই থেকে উঠে আসা তরুণরা জুলাইয়ের বিষয়ে বিন্দুমাত্র ছাড় দিতে রাজি নয়। তখন তারা আওয়ামী লীগকে ফিরিয়ে আনার এই পরিকল্পনা শুরু করেছে। তিনি বলেন, আমরা সালাহউদ্দিন আহমেদকে, তারেক রহমানকে, বিএনপিকে শুধু একটা কথা বলতে চাই, যারা নির্দোষ ছিল, তাদের বিষয় ভিন্ন। কিন্তু যারা অপরাধী এবং এই নিষিদ্ধ সংগঠন আওয়ামী লীগ তাদেরকে ফিরিয়ে আনার বন্দোবস্ত যদি আপনারা করেন, তাহলে আওয়ামী লীগ যে পথে গিয়েছে, যেভাবে বদল হয়েছে, আপনাদের পরিণতি তার চেয়েও খারাপ হবে। সালাহউদ্দিন আহমেদকে ব্যাখ্যা দিতে হবে যে, কীভাবে তার জেলা কক্সবাজারের উখিয়াতে এই ধরনের কর্মকাণ্ড হয়। বিএনপির সমালোচনা করে সারজিস আলম বলেন, মুখে নিরপেক্ষতার কথা বলা হলেও বাস্তবে গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো দলীয়করণ করা হচ্ছে। আওয়ামী লীগের মতো রাষ্ট্র পরিচালনা করলে একই পরিণতি হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ আসাদ)

## সাবেক রাষ্ট্রপতিকে নিয়ে আলাদা অনুসন্ধান করবে না বাংলাদেশ ব্যাংক

সদ্য সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের বিরুদ্ধে আলাদা করে কোনো আর্থিক অনিয়মের তদন্ত করবে না বাংলাদেশ ব্যাংক। তবে কোনো প্রতিষ্ঠানের অনিয়ম খতিয়ে দেখার সময় যদি কারও সংশ্লিষ্টতা পাওয়া যায়, তবে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। রোববার দুপুরে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান বাংলাদেশে ব্যাংকের মুখপাত্র আরিফ হোসেন খান। গত শুক্রবার রাষ্ট্রপতি পদ থেকে পদত্যাগ করেন মো. সাহাবুদ্দিন। এর একদিন পর আজ রোববার বঙ্গভবন ছেড়ে রাজধানীর গুলশানের বাসায় ওঠেন তিনি। এদিকে, জুলাই গণ-অভ্যুত্থানে মানবতাবিরোধী অপরাধের ঘটনায় মো. সাহাবুদ্দিনের বিরুদ্ধে তদন্ত চেয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে অভিযোগ দায়ের করা হয়েছে। রোববার বাংলাদেশ আজাদ পার্টির পক্ষ থেকে ট্রাইব্যুনালে এই অভিযোগ দায়ের করা হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ আসাদ)

## বাংলাদেশি দম্পতিকে রাস্তায় ফেলে পেটালেন ভারতীয় চিকিৎসক

ভারতের বেঙ্গালুরুতে বাংলাদেশি এক দম্পতির ওপর হামলা করেছেন স্থানীয় এক চিকিৎসক। ড. নাগেন্দ্র নামে ওই চিকিৎসককে গ্রেফতার করেছে পুলিশ। পরে তাকে আদালতে তোলা হলে তিনি জামিন পান। শনিবার এ তথ্য প্রকাশ করেছে দ্য ইন্ডিয়ান এক্সপ্রেস। পুলিশ জানায়, বেঙ্গালুরুর হোয়াইটফিল্ডের কাছাকাছি বেত্তাদাসাপুরা এলাকায় বসবাসকারী ২৩ বছর বয়সি নাসরিনা বিলাল ও তার স্বামী মোহাম্মদ বিলালের ওপর এই হামলা চালানো হয়। বাংলাদেশ থেকে যাওয়া এই দম্পতির অভিযোগ, সকালে রাস্তায় দেখা হলে চিকিৎসক নাগেন্দ্র হুট করেই তাদের নাগরিকত্ব নিয়ে প্রশ্ন তোলেন এবং কথা-কাটাকাটির একপর্যায়ে তাদের ওপর হামলা করেন। পরে নাসরিনা বিলালের করা অভিযোগের ভিত্তিতে পুলিশ মামলা নথিভুক্ত করে এবং ওই চিকিৎসককে হেফাজতে নেয়। নিজের অভিযোগে নাসরিনা দাবি করেন, ওই চিকিৎসক তাকে টেনে-হিঁচড়ে নিয়ে মারধর করার আগে তাদের বাংলাদেশি জাতীয়তা নিয়ে হিন্দিতে গালিগালাজ করেন। এরপর ডা. নাগেন্দ্র বিলালের দিকে ফিরে তার মাথায় ও পিঠে বারবার আঘাত করেন এবং তাকে মাটিতে ফেলে বেশ কয়েকটি লাথি মারেন। এমনকি ঘটনাটি কাউকে জানালে তাদের মেরে ফেলার হুমকিও দেন ডা. নাগেন্দ্র। জিজ্ঞাসাবাদে ডা. নাগেন্দ্র নামে অভিযুক্ত সেই চিকিৎসক জানান, ওই এলাকায় অবৈধ বিদেশি নাগরিকদের বসবাসের কারণে তিনি সন্দেহবশত ওই দম্পতিকে 'অবৈধ অনুপ্রবেশকারী' মনে করেছিলেন। তবে, পুলিশ স্পষ্ট জানিয়ে দিয়েছে, নাগরিকত্ব বা অবৈধ অনুপ্রবেশসংক্রান্ত কোনও সন্দেহ থাকলে তা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জানানো উচিত; নিজের হাতে আইন তুলে নেওয়া কিংবা গায়ে হাত তুলে সমাধান করা যায় না। বর্তমানে ওই বাংলাদেশি দম্পতির ভারতে প্রবেশের কাগজপত্র ও অভিবাসন সংক্রান্ত আইনি অবস্থা যাচাই করার জন্য তদন্ত চালানো হচ্ছে বলে জানিয়েছেন স্থানীয় পুলিশ কর্মকর্তা। একইসঙ্গে মারধরের ঘটনায় দায়ের করা মামলাটির তদন্ত কার্যক্রমও অব্যাহত রয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ আসাদ)

## বাজারে ৩৪ টুথপেস্টের মধ্যে ২৬টিতেই মিলেছে বিষাক্ত মাইক্রোপ্লাস্টি

দেশের বাজারে বিক্রি হওয়া টুথপেস্টের চারটির মধ্যে তিনটিতেই মাইক্রোপ্লাস্টিকের উপস্থিতি শনাক্ত হয়েছে। বাজার থেকে সংগ্রহ করা ১৯টি ব্র্যান্ডের ৩৪টি টুথপেস্টের নমুনার মধ্যে ২৬টিতে, অর্থাৎ ৭৬.৫% নমুনায় মাইক্রোপ্লাস্টিক পাওয়া গেছে। পরিবেশ ও সামাজিক উন্নয়ন সংস্থার গবেষণায় এ ফলাফল পাওয়া যায়। রবিবার রাজধানীতে ইএসডিও কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে 'মাইক্রোপ্লাস্টিক ইন টুথপেস্ট' শীর্ষক গবেষণার ফল প্রকাশ করে সংস্থাটি। ইএসডিও জানায়, বাংলাদেশে উৎপাদিত ২৫টি নমুনার ২২টিতে, ভিয়েতনামের দুই নমুনার দুটিতেই, থাইল্যান্ডের দুটির একটিতে ও ভারতের পাঁচটির একটিতে এই ক্ষুদ্র প্লাস্টিক কণা শনাক্ত হয়েছে। ২০২৫ সালের জুলাই থেকে ২০২৬ সালের জুন পর্যন্ত পরিচালিত এ গবেষণার অংশ হিসেবে দেশের বিভিন্ন সুপারশপ, খুচরা দোকান ও পাইকারি বাজার থেকে স্থানীয় ও আমদানি করা ১৯ ব্র্যান্ডের ৩৪টি টুথপেস্টের নমুনা সংগ্রহ করা হয়। পরে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিবেশবিজ্ঞান বিভাগের এনভায়রনমেন্টাল হেলথ অ্যান্ড ইকোটক্সিকোলজি ল্যাবরেটরিতে নমুনাগুলোর

পরীক্ষাগার বিশ্লেষণ করা হয়। একইসঙ্গে দেশব্যাপী ২,৭৬০ জনের ওপর একটি ভোক্তা জরিপ পরিচালনা করা হয়।(রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৭.২০২৬ আসাদ)

# BBC

**ISRAELI SETTLERS SET FIRE TO MOSQUES, CARS AND FARM LAND IN WEST BANK: PALESTINIANS**

Israeli settlers have set fire to two mosques, as well as cars and a agricultural land in the occupied West Bank, Palestinian officials say, as tensions in the territory continue to flare. The latest attacks come two days after a clash between settlers and Palestinians near the village of Tal, which left four Palestinians and two Israelis dead. Both sides accused the other of provoking the violence. The congratulation has further inflamed the situation in the West Bank, which has seen ever growing violence by extremist settlers against Palestinians, encouraged by far-right elements in the current Israeli government. Palestinian reports say that two villages in the occupied West Bank came under attack from settlers overnight - with cars vandalized, property stolen and hate graffiti spray painted on walls. The mayor of Qusra said that settlers set fire to a mosque that was under construction.
(BBC News Web Page: 26/07/26, FARUK)

**FRANCE BATTLES FIRE 'WHIRLWINDS' AS ANOTHER 55,000 EVACUATED**

A further 55,000 people have been evacuated from six towns in France, as wildfires which have caused devastation across the country pick up pace. The most recent evacuations took place in towns to the South of Bordeaux, in the Gironde region. Wildfires have raged across Europe over the past week, primarily France and Spain, where more than 3,30,000 people have been evacuated. France has been worst-affected, with an area of 42,000 hectares burnt, making it one of the largest forest fires since World War Two. About 98,000 hectares have burnt across the country since the start of the year.
(BBC News Web Page: 26/07/26, FARUK)

**THOUSANDS RALLY AGAINST TUNISIA'S PRESIDENT FIVE YEARS AFTER POWER GRAB**

Thousands marched in Tunisia's capital to demand the resignation of President Kais Saied five years after he suspended parliament. Protesters revived the 2011 revolution's slogan 'the people want the fall of the regime' as they decried democratic backsliding, economic hardship and political repression. (BBC News Web Page: 26/07/26, FARUK)

**TYPHOON NOUL MAKES LANDFALL IN CHINA, WITH HUNDREDS OF THOUSANDS EVACUATED**

Typhoon Noul has hit southern China, including Hong Kong, bringing strong winds and heavy rain to the region and prompting the evacuation of hundreds of thousands of people in Guangdong province. China's national weather centre said Noul made landfall on the coast of Huidong county in Huizhou, southern Guangdong province, at approximately 3:50am local time on Sunday. China's official Xinhua News Agency said Noul was the strongest typhoon to make landfall in China so far this year. Hong Kong's Observatory said Noul, with maximum sustained winds of 110km per hour near its centre, was moving Sunday into inland Guangdong and weakening progressively, bringing strong winds and heavy rain to parts of the region. (BBC News Web Page: 26/07/26, FARUK)

**NEW FRONT IN US-IRAN WAR ESCALATES AS HOUTHIS FIRE AT SAUDI OIL FACILITIES**

Iran-backed Houthi forces in Yemen have fired missiles and drones at two of Saudi Arabia's most strategically important oil facilities on the Red Sea, in a major escalation of the latest simmering regional conflict to be reignited by the war launched by the United States and Israel against Iran. But the skies over the country at the epicenter of the widening war were quite for a second successive night, with no new US attacks on Iran reported by Sunday morning. Iran had been pounded by 13 consecutive waves of overnight US air strikes since July 11, after the Islamic Revolutionary Guard Corps (IRGC) attacked tankers trying to transit the Strait of Hormuz. (BBC News Web Page: 26/07/26, FARUK)

**PRESIDENT AHMED AL-SHARAA: SYRIA SEEKING SECURITY DEAL WITH ISRAEL**

Syrian President Ahmed al-Sharaa has revealed that Damascus is actively working to reach a security agreement with Israel with the participation of several countries. President Al-Sharaa said he hopes the deal with Israel could serve as a gateway to a comprehensive

peace. He also assured that such an agreement would not compromise Syria's right to the occupied Golan Heights, which Israel has illegally occupied since 1973. He said Syria is avoiding any clashes with Israel, and that a security arrangement could pave the way for a broader and more comprehensive resolution to the crisis. It comes after repeated Israeli incursions and strikes in southern Syria, since al-Sharaa came to power in December 2024 following the collapse of Bashar al-Asaad's government.
(BBC News Web Page: 26/07/26, FARUK)

**ISRAELI AIR STRIKE ON A VEHICLE IN GAZA KILLS TWO HAMAS SECURITY OFFICIALS**

An Israeli air strike has killed two Hamas security officials including Colonel Wael Musa al-Ladawi, a senior officer who was head of the group's internal security service in central Gaza, according to the interior ministry. al-Ladawi was killed along with Ramez Tawfiq Abu Zureiq on Sunday when the car they were travelling in through the city of Deir al-Balah was struck. Footage posted by the Shehab News Agency showed a charred vehicle in the middle of the road, with clouds of thick smoke obscuring the view. The bodies of the two men were taken to Al-Aqsa Martyrs Hospital. Hamas said the killing was part of Israel's strategy to sow chaos in Gaza by destroying all state institutions, making it impossible to administer the territory. (BBC News Web Page: 26/07/26, FARUK)

**:: THE END ::**